Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

পি এস সি-র মাধ্যমে
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
১০ পাতায়

বর্ষ ৪০ সংখ্যা ১৬ কলকাতা বুধবার, ১৩ নভেম্বর ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২৬ কার্তিক ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

### আই বি পি এসের পরীক্ষার মাধ্যমে

## ৪ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১১৬৩ স্পেশ্যালিস্ট অফিসার

দেশের ৪টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১,১৬৩ জন স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব স্পেশ্যালিস্ট অফিসার্স ইন পারটিসিপেটিং অর্গানাইজেশনস' (সি আর পি এস পি এল-৯)' নেওয়া হবে ডিসেম্বর মাসে। প্রিলিমিনারি পরীক্ষার তারিখ ২৮ ও ২৯ ডিসেম্বর। মেন পরীক্ষা ২৫ জানুয়ারি। অনলাইন এই পরীক্ষাটি পরিচালনা করবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। এটি একটি স্বশাসিত সংস্থা। বর্তমানে দেশের

**অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা ২৮ ও ২৯ ডিসেম্বর**

অধিকাংশ ব্যাঙ্কে কর্মী নিয়োগের জন্য গুরুত্বপূর্ণ বিভিন্ন প্রক্রিয়া পরিচালনা করে আই বি পি এস। ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশনের অনুমোদন ও ভারত সরকারের সম্মতিক্রমে আই বি পি এস এই পরীক্ষা পরিচালনা করবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

৪টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার পদে নিয়োগের লক্ষ্যে এই পরীক্ষা নেওয়া হবে। অনলাইন পরীক্ষায় সফলদের একটি স্কোর কার্ড দেবে আই বি পি এস। ৩১-৩-২০২১ পর্যন্ত এই স্কোর কার্ড বৈধ থাকবে। সংশ্লিষ্ট ব্যাঙ্ক প্রয়োজন অনুসারে গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ প্রভৃতির মাধ্যমে চূড়ান্তভাবে প্রার্থী বাছাই করবে।

স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগের যোগ্যতা নির্ণায়ক এই লিখিত পরীক্ষায় সফল হলে যে-চারটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে নিয়োগের প্রাথমিক যোগ্যতা অর্জন করবেন সেগুলি হল: কানাড়া ব্যাঙ্ক, কর্পোরেশন ব্যাঙ্ক, ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া এবং পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক।

এরপর সাতের পাতায়

## বেসিলে ৩৮৯৫

চুক্তিতে ৩,৮৯৫ জন কর্মী নিয়োগ করবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া (বেসিল)। এটি কেন্দ্রের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ সংস্থা। উত্তর প্রদেশের বিদ্যুৎ বিতরণ নিগমে চুক্তিতে নিয়োগ করা হবে স্কিল্ড এবং আন-স্কিল্ড পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BECIL/ CONTRACT JOB/MVVNL/Advt. 2019/04.

**স্কিল্ড ম্যানপাওয়ার:** মোট শূন্যপদ ১,৪০২টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ওয়্যারম্যান ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট। উচ্চতর ডিগ্রি বা ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। পাশাপাশি, ইলেক্ট্রিক্যাল সেফটি বিষয়ে ওভারহেড সার্টিফিকেট থাকতে হবে। এ ছাড়া ইলেক্ট্রিক্যাল কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থীর অবশ্যই ইংরেজি ও হিন্দি লিখতে ও পড়তে জানা চাই। **বয়স:** ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৯,৩৮১.০৬ টাকা।

**আন-স্কিল্ড ম্যানপাওয়ার:** মোট শূন্যপদ ২,৪৯৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বোর্ড থেকে ক্লাস এইট পাশ। এ ছাড়া ইলেক্ট্রিক্যাল সিস্টেম-সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা

এরপর ষোলোর পাতায়

## ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারে চাকরি

সিকিউরিটি গার্ড এবং অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার (এ) পদে ৯২ জনকে নেবে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারের পার্সোনেল ডিভিশন। নিয়োগ হবে যথাক্রমে গ্রুপ সি ও বি-তে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/ 2019 (R-II).

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড DR/02: **সিকিউরিটি গার্ড:** ৭৩টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২০, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ১৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল।

পোস্ট কোড DR/01: **অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার:** ১৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক।

**বয়স:** ৬-১২-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতন:** সিকিউরিটি গার্ড পদের ক্ষেত্রে ১৮,০০০ টাকা এবং অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার পদের ক্ষেত্রে ৩৫,৪০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে ফিজিক্যাল টেস্ট এবং লিখিত পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই

এরপর সাতের পাতায়

## পশ্চিমবঙ্গ সরকারে ১৪৯৭ ডাক্তার

১,৪৯৭ জন জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার ও ব্লক মেডিক্যাল অফিসার অব হেলথ নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য বিভাগ। এম বি বি এস ডাক্তাররা আবেদনের যোগ্য।

জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার নিয়োগ করা হবে ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিস ক্যাডারের বেসিক গ্রেডে। ব্লক মেডিক্যাল অফিসার অব হেলথ নিয়োগ করা হবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের পাবলিক হেলথ-কাম-অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসেসে।

**শূন্যপদ:** জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার ১,৩২৯টি (সাধারণ ৩৫৫, তফসিলি জাতি ২৩৬, তফসিলি উপজাতি ২৩৭, বি সি-এ ১৮৬, বি সি-বি ২০৭, দৈহিক প্রতিবন্ধী ১০৮।

ব্লক মেডিক্যাল অফিসার অব হেলথ ১৬৮টি (সাধারণ ৯০, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৩, বি সি-এ ১৭, বি সি-বি ১৪, দৈহিক প্রতিবন্ধী ৪।

**শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার পদের ক্ষেত্রে এম বি বি এস ডিগ্রি। মেডিক্যাল প্র্যাক্টিশনার হিসেবে মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া বা কোনও স্টেট মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত না থাকলে চাকরি পাওয়ার ৬ মাসের মধ্যে পশ্চিমবঙ্গ মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত করাতে হবে। সরকারি হাসপাতাল বা অন্য কোনও স্বীকৃত চিকিৎসা প্রতিষ্ঠানে অন্তত ১ বছরের হাউস স্টাফ হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। ব্লক মেডিক্যাল অফিসার অব হেলথ পদের ক্ষেত্রে এম বি বি এস ডিগ্রি। পাবলিক হেলথ বা এপিডেমিওলজি বা হেলথ ম্যানেজমেন্ট

এরপর ষোলোর পাতায়

## উত্তর-পশ্চিম রেলে ২০২৯

### তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ২,০২৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-পশ্চিম রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে উত্তর-পশ্চিম রেলের একাধিক ইউনিট ও ডিভিশনে ট্রেনিং দেওয়া হবে ডিজেল মেকানিক, ফিটার, কার্পেন্টার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, পেইন্টার, ওয়্যারম্যান-সহ বিবিধ ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**ডিভিশন অনুসারে আসনবিন্যাস:** **আজমের ডিভিশন:** **ইলেক্ট্রিশিয়ান (কোচিং):** ৩৩টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৯)। **ইলেক্ট্রিশিয়ান (পাওয়ার):** ৩৩টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৯)। **ইলেক্ট্রিশিয়ান (টি আর ডি):** ৪৩টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২)। **কার্পেন্টার (ইঞ্জিনিয়ারিং):**

এরপর সাতের পাতায়

## হিন্দুস্তান কপারে ট্রেনি

বিভিন্ন বিভাগে ৪৭ জন অ্যাটেন্ড্যান্ট-কাম-জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি, অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি, ক্ল্যারিক্যাল ক্যাটেগরি ট্রেনি এবং প্যারামেডিক্যাল ক্যাটেগরি ট্রেনি নেবে হিন্দুস্তান কপার। নির্বাচিত প্রার্থীদের সংস্থার ঘাটশিলার ইউনিটে নিয়োগ করা হবে। শুরুতে ২ বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HCL/ ICC/RECT.-01/2019.

বিভাগ অনুসারে শূন্যপদের **বিন্যাস:** **অ্যাটেন্ড্যান্ট-কাম-জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি: মেকানিক্যাল:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। **ইলেক্ট্রিক্যাল:** ৬টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ফ্ল্যাশ স্মেল্টার:** ৬টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **সালফিউরিক অ্যাসিড প্ল্যান্ট/ রিফাইনারি/আর অ্যান্ড ডি:** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। **পাওয়ার প্ল্যান্ট:** ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)। **স্টোর অ্যান্ড ডিসপ্যাচ:** ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল এবং ইলেক্ট্রিক্যাল শাখার

এরপর পনেরোর পাতায়

## পূর্ব মেদিনীপুরে আশাকর্মী

৫০ জন আশা (অ্যাক্রেডিটেড সোশ্যাল হেলথ অ্যাক্টিভিস্ট) কর্মী নেবে পূর্ব মেদিনীপুর জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। নিয়োগ হবে জেলার নন্দীগ্রাম-১, চণ্ডীপুর, ভগবানপুর-২-সহ বিভিন্ন ব্লকের অন্তর্ভুক্ত উপস্বাস্থ্য কেন্দ্রে। শুধু বিবাহিত, আইনগতভাবে বিবাহবিচ্ছিন্ন এবং বিধবা মহিলারাই দরখাস্ত করতে পারবেন। প্রার্থী যে গ্রামের শূন্যপদ পূরণের জন্য আবেদন করছেন তাঁকে অবশ্যই সেই গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের

এরপর ষোলোর পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## সি আই এস এফে ৩০০ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ৩০০ জন খেলোয়াড় নেবে সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স। নিয়োগ করা হবে হেড কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে এই সমস্ত ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স, বক্সিং, বাস্কেটবল, জিমন্যাস্টিক্স, ফুটবল, হকি, হ্যান্ডবল, জুডো, কবাডি, শ্যুটিং, সুইমিং, ভলিবল, ওয়েট লিফটিং, রেসলিং এবং তায়কোন্ডো।

ক্রীড়াক্ষেত্র অনুসারে শূন্যপদের **বিন্যাস: অ্যাথলেটিক্স: পুরুষদের ক্ষেত্রে** ৮০০ মিটার ইভেন্টে ১টি, ১৫০০ মিটার ইভেন্টে ৩টি, ৫০০০ মিটার ইভেন্টে ৩টি, ১০০০০ মিটার ইভেন্টে ৩টি, ৩০০০ এস সি ইভেন্টে ২টি, ম্যারাথন ইভেন্টে ৩টি, ওয়াক ইভেন্টে ২টি, ২০০ মিটার ইভেন্টে ১টি, ৪০০ মিটার ইভেন্টে ২টি, ১১০ মিটার হার্ডল ইভেন্টে ২টি, ৪০০ মিটার হার্ডল ইভেন্টে ৩টি, ডেকাথলন ইভেন্টে ৩টি, লং জাম্প ইভেন্টে ২টি, হাই জাম্প ইভেন্টে ৩টি, পোল ভল্ট ইভেন্টে ২টি, ট্রিপল জাম্প ইভেন্টে ৩টি, শট পাট ইভেন্টে ৩টি, জ্যাভেলিন থ্রো ইভেন্টে ১টি, হ্যামার থ্রো ইভেন্টে ২টি। **মহিলাদের ক্ষেত্রে** ৮০০ মিটার ইভেন্টে ২টি, ১৫০০ মিটার ইভেন্টে ৩টি, ৫০০০ মিটার ইভেন্টে ৩টি, ১০০০০ মিটার ইভেন্টে ৩টি, ৩০০০ এস সি ইভেন্টে ২টি, ম্যারাথন ইভেন্টে ৩টি, ওয়াক ইভেন্টে ২টি, ১০০ মিটার ইভেন্টে ১টি, ২০০ মিটার ইভেন্টে ১টি, ৪০০ মিটার ইভেন্টে ১টি, ১০০ মিটার হার্ডল ইভেন্টে ৩টি, ৪০০ মিটার হার্ডল ইভেন্টে ২টি, হেপ্টাথলন ইভেন্টে ৩টি, লং জাম্প ইভেন্টে ৩টি, হাই জাম্প ইভেন্টে ৩টি, পোল ভল্ট ইভেন্টে ২টি, ট্রিপল জাম্প ইভেন্টে ২টি, শট পাট ইভেন্টে ২টি, ডিসকাস থ্রো ইভেন্টে ২টি, জ্যাভেলিন থ্রো ইভেন্টে ২টি, হ্যামার থ্রো ইভেন্টে ২টি। **বক্সিং:** পুরুষদের ক্ষেত্রে ৪৯ কেজি, ৫২ কেজি, ৬৯ কেজি, ৭৫ কেজি, ৮১ কেজি, ৯১ কেজি এবং ৯১ কেজি-র উপরের ক্যাটেগরিতে ১টি করে। মহিলাদের ক্ষেত্রে ৬৪ কেজি, ৭৫ কেজি, ৮১ কেজি এবং ৮১ কেজি-র উপরের ক্যাটেগরিতে ১টি করে। **বাস্কেটবল:** শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ৮টি। **ফুটবল:** শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ৬টি। **জিমন্যাস্টিক্স:** শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ৪টি। **হকি:** শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ১২টি। **হ্যান্ড বল:** শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ৯টি। **জুডো:** পুরুষদের ক্ষেত্রে ৬০ কেজি, ৬৬ কেজি ও ৭৩ কেজি ক্যাটেগরিতে ১টি করে, ৮১ কেজি, ৯০ কেজি ও ১০০ কেজি ক্যাটেগরিতে ২টি করে এবং ১০০ কেজির উপরের

এরপর পনেরোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ১৬ □ ১৩ নভেম্বর ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**SBI / HDFC / YES BANK ও MNC** Co.-তে স্মার্ট বাংলাভাষী (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,845/- – 38,650/- (PF + INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

**Banking KYC-তে ন্যূনতম H.S পাশ** (18-30) 12 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8K-10K, Itech, ডানলপ, Kol-108. M: 83368-25980.

□

### স্টার হোটেলে 6 - 17,500/-

**রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ** স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি, 99322-25700.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে বাংলা কথা** বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. S. Salt Lake, Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ দঃ 24 পরগনা: 70440-49492.

□

### হোটেলে স্থায়ী চাকরি

**কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/** বাইরে কোন ট্রেনিং, রেজিঃ ফি ছাড়া অনূর্ধ্ব ৩০-দের সরাসরি জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা খাওয়া ফ্রী + উন্নতি। গড়িয়া-কলকাতা: 92316-80651. www.bshm.co.in

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport,** মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে ও Pvt. ব্যাঙ্ক (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 16,400/- – 47,300/-. যোগাযোগ: D. L. C, S. Rd. Kol-110. M: 95638-41366.

□

### বহু পুরাতন সংস্থা

**Govt. Regd. Office**

**কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেলে ও** এয়ারপোর্টে কর্মপ্রার্থী নিয়োগ। সম্পূর্ণ বিনা ডোনেশনে। যোগ্যতা নামসই-স্নাতক, বেতন: 16,700/- – 34,500/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া + বোনাস। P. E, কলি-56. M: 96472-60375.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৬ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৭ নভেম্বর কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৩ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### সরকারি কন্ট্রাক্টরের মাধ্যমে এয়ারপোর্ট ও মেট্রোতে Direct নিয়োগ

**সম্পূর্ণ বিনা ডোনেশনে এয়ারপোর্ট ও** মেট্রোতে সরকারি কন্ট্রাক্টরের অধীনে 147 জন পুরুষ/মহিলা কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 14,640/- – 47,600/-. বয়স: 17-42. V. P., C.I.T Rd, Kol-54. M: 97320-36474.

□

### সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www .gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

### বিনা ডোনেশনে Airport মেট্রো, স্থায়ী জব R/L: 0352

**স্ট্যাম্প পেপারে লিখিত-সহ এয়ারপোর্ট** ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে 172 জন নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 15,400/- – 48,300/-. বয়স: 18-35. A. J., G. P. Kol-1. M: 74309-99656.

□

### স্টার হোটেলে চাকরি

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

### এয়ারপোর্ট ও Pvt ব্যাঙ্কে জব

**সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ** Airport ও ব্যাঙ্কে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 45,900/-, PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা। S. R. C. Pvt. Ltd, Kol-1. 96148-53426.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**মেট্রোরেলে সরকারি নিয়ম অনুসারে** সরাসরি জয়েনিং। বয়স: ১৮-৪৫, বেতন: ১৮,৭০০/- - ৪২,৮০০/-, দমদম থেকে কবি সুভাষ। ১৩৫ জন কর্মী চাই। থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। সত্বর যোগাযোগ: 89429-68341, (A. C. D বালিগঞ্জ স্টেশন)।

□

### জরুরি ভিত্তিতে নিয়োগ

**Govt. Regd. Office**

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও** মেট্রোরেলে 108 জন কর্মী ও Bank (DSA)-তে M/F চাই। বেতন: 16,500/- – 35,600/- + PF, ESI, OT-সহ, থাকা খাওয়া + বোনাস, PE, কলি-30, দমদম, M: 86979-63350.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), থাকা, খাওয়ার ব্যবস্থা আছে। (M): 89728-69872, M.J.S, Kol-9.

□

## কর্মখালি

### দমদম এয়ারপোর্ট ও মেট্রোতে সরাসরি নিয়োগ

**স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা** ডোনেশনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 48,300/-. থাকা খাওয়া ফ্রীতে। B. S., দমদম, Kol-74, M: 96477-89343.

□

### VACANCY PVT. LTD.

**23টি জেলায় 8 ঘণ্টা 12,200/- থেকে** 26,700/- হিন্দুস্থান লিভার, আমুল, ব্যাঙ্ক, DSA, প্যাকিং, পিয়ন, S.V, T.G, ATM- ও অন্যান্য পদে M/F চাই। R.G., Kol-14, (M): 70744-15080.

□

### Salary 10400 - 19500/-

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

### নো ডোনেশন

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে স্থায়ী** কাজে M/F চাই। বেতন 16,500/- – 35,500/-. R.E, Kol-01, M: 83270-48508.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। (BSS Govt. of India Approved). Placement Assistance. রবীন্দ্র পাঠ ভবন, হাওড়া, টালিগঞ্জ। (M): 98308-15220 / 90510-74736.

□

**100 টাকা মাসিক RAIL, PSC** CLERK, POLICE, SI পড়ানো হয়। দুপুরে খাবার ও যাতায়াত ফ্রী। PA, গড়িয়া: 70039-66500.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি SPL., পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

### নার্সিং কোর্সে ভর্তি

**Last Chance GNM ও B. Sc (N) P.** S. B.Sc সরাসরি ভর্তির জন্য যোগাযোগ: 98303-88027 (11-4 PM). Gurukul Nursing Institute, বারুইপুর-144.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Installment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

**18 বছরের অভিজ্ঞ জয়ন্ত রায় গড়িয়া ও** শিয়ালদহে WBCS, CGL Bank ইত্যাদির Maths, G.I., G.K. করাচ্ছেন। প্রচুর সফল, Monthly 500/-. 87772-17803.

**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# ইসরোয় টেকনিশিয়ান ‘বি’

টেকনিশিয়ান বি/ড্রাফটসম্যান বি পদে ৭৯ জনকে নেবে ইসরো (ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন)-র অধীনস্থ সতীশ ধাওয়ান স্পেস সেন্টার। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SDSC SHAR/RMT/01/2019.

শূন্যপদের বিবরণ: ফিটার: ৩৪টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ৭), ইলেক্ট্রিশিয়ান: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১), ইলেক্ট্রনিক মেকানিক: ১৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭), কেমিক্যাল: ১০টি (সাধারণ ২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১), পাম্প অপারেটর-কাম-মেকানিক: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২), রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ৫টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে।

কেমিক্যাল শাখার ক্ষেত্রে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল), ইনস্ট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল), ইলেক্ট্রোপ্লেটার, মেইন্টেন্যান্স মেকানিক (কেমিক্যাল প্লান্ট), ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল)-এর মধ্যে যে-কোনও একটি ট্রেডে আই টি আই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে।

সব ক্ষেত্রেই নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**বয়স:** ২৯-১১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.shar.gov.in অনলাইন আবেদন করা যাবে ২৯ নভেম্বর পর্যন্ত। আবেদন-পদ্ধতির খুঁটিনাটি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

‘কর্মক্ষেত্র’র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। ‘কর্মক্ষেত্র’র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির
জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য।
সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৪০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর অশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
সুরজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# পোট্যাটো চিপস তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** ছোট-বড় সকলেরই প্রিয় পোট্যাটো চিপস। পোট্যাটো চিপস তৈরি করতে পিলার মেশিন, একটি কাটিং মেশিন, ডিজেল ওভেন, অয়েল হাইড্রো মেশিন এবং একটি মিক্সার মেশিন প্রয়োজন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে আলু কিনে এনে সেই আলু খোসা ছাড়ানোর জন্য পোট্যাটো পিলার মেশিনে দিতে হবে। এই মেশিনে সেকেন্ডে ১৫ কেজি আলুর খোসা ছাড়ানো সম্ভব। এবার এই খোসা ছাড়ানো আলু একটি বড় জলের গামলায় ঢেলে ভালো করে ধুয়ে নিতে হবে। কাটিং মেশিনে ডাইস লাগানো থাকবে। পছন্দমতো ডাইস পরিবর্তন করে প্রয়োজনানুসারে আলু কাটা সম্ভব। এরপর ধোয়া আলু কাটিং মেশিনের হপারে দিয়ে মেশিন চালু করলে ডাইস অনুযায়ী আলু পছন্দমতো আকারে কাটা হয়ে বেরিয়ে আসবে। এবার সেই আলু আবার জলের গামলায় ঢেলে ধুয়ে নিতে হবে। না হলে আলু কালো হয়ে যাবে। এরপর ডিজেল ওভেনের কড়াইতে তেল দিয়ে এই আলু ভেজে নিতে হবে। এবার ওই ভাজা আলু অয়েল হাইড্রো মেশিনে দিলে অতিরিক্ত তেল বেরিয়ে যাবে। সবশেষে মিক্সার মেশিনে ভাজা আলুর সঙ্গে পছন্দমতো মশলা মিশিয়ে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। এই মেশিনে ঘণ্টায় ১০০ কেজি পোট্যাটো চিপস তৈরি সম্ভব। প্রত্যেকটি মেশিনের জন্য ১ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** পোট্যাটো পিলার মেশিনের দাম ৩০ হাজার টাকা। কাটিং মেশিনের দাম ৩৫ হাজার টাকা। ডিজেল ওভেন, অয়েল হাইড্রো মেশিন এবং মিক্সার মেশিন প্রত্যেকটির দাম ২৫ হাজার টাকা করে। প্রতিটি মেশিনের সঙ্গে মোটরের দামও ধরা আছে।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324 22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# নৌবাহিনীতে ২৭০০ নাবিক

ট্রেনিং দিয়ে ২,৭০০ নাবিক নিয়োগ করা হবে ভারতীয় নৌবাহিনীতে। প্রশিক্ষণ হবে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস (এ এ) ও সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস (এস এস আর) এন্ট্রিতে। শুধুমাত্র অবিবাহিত ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং শুরু হবে ২০২০-র অগস্ট মাস থেকে।

**শূন্যপদ:** আর্টিফিশার অ্যাপ্রেন্টিস-এর ক্ষেত্রে ৫০০, সিনিয়র সেকেন্ডারি রিক্রুটসের ক্ষেত্রে ২২০০।

**শিক্ষাগত যোগ্যতা:** উভয় ক্ষেত্রেই বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অঙ্ক ও ফিজিক্সের সঙ্গে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। আর্টিফিশার অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন ও বুকের ছাতি থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। দৃষ্টিশক্তি চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা-সহ উভয় চোখে ৬/৬। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, মৃগীরোগ থাকলে এবং কোনও মানসিক অসুস্থতায় ভুগে থাকলে, হৃদযন্ত্রের রোগ থাকলে, কানে কোনও সংক্রমণ থাকলে বা চোখের অপারেশন হয়ে থাকলে চলবে না।

**জন্মতারিখ:** ১-৮-২০০০ থেকে ৩১-৭-২০০৩-এর মধ্যে হতে হবে।

ট্রেনিং চলাকালীন ১৪,৬০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শেষে বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা, ‘এক্স’ গ্রুপ পে (শুধু আর্টিফিশার অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে) ৬,২০০ টাকা। মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ফিজিক্যাল ফিটনেস টেস্ট এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে। ১০০ নম্বরের কম্পিউটার-ভিত্তিক লিখিত পরীক্ষায় থাকবে ইংরেজি, বিজ্ঞান, অঙ্ক এবং সাধারণ জ্ঞানের উপর উচ্চমাধ্যমিক স্তরের অবজেক্টিভ ধরনের প্রশ্ন। ইংরেজি ও হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। সময় ১ ঘণ্টা। ফিজিক্যাল ফিটনেস টেস্টে থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবোস) এবং ১০টি পুশ আপ। এরপর ফাইনাল মেডিক্যাল টেস্ট।

আর্টিফিশার অ্যাপ্রেন্টিস ও সিনিয়র সেকেন্ডারি রিক্রুটসের ক্ষেত্রে প্রথমে যথাক্রমে ৯ সপ্তাহ ও ২২ সপ্তাহের বেসিক ট্রেনিং হবে আই এন এস চিলিকায়। এরপর ট্রেড অনুসারে প্রফেশনাল ট্রেনিং দেওয়া হবে দেশের বিভিন্ন ন্যাভাল ট্রেনিং এস্টাবলিশমেন্টে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ১৮ নভেম্বর পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে।

এক্সামিনেশন ফি বাবদ দিতে হবে ২১৫ টাকা। অনলাইন পদ্ধতিতে ভিসা বা মাস্টার বা রুপে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা ইউনিফায়েড পেমেন্টস ইন্টারফেস (ইউ পি আই)-এর মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলিদের ফি দিতে লাগবে না।

দরখাস্ত সাবমিট করার পর সেটির এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ *আমি জৈব পদ্ধতিতে নানারকম সবজির চাষ করতে চাই। জমির আয়তন ১২ কাঠা। উঁচু জমি। এ ব্যাপারে অভিজ্ঞদের সহায়তা পেলে সুবিধা হয়। কীভাবে সেটা পাওয়া সম্ভব? —অসীমকুমার সামন্ত, বাগদা, উত্তর ২৪ পরগনা।*

□□ সোসাইটি ফর ইক্যুইটেবল ভলান্টারি অ্যাকশন (সেবা), ‘বিকাশ কেন্দ্র’ প্রকল্পের আওতায় উত্তর ২৪ পরগনার বাদুড়িয়া ও দেগঙ্গা ব্লকের ২২টি গ্রামের ৮৫০ জন কৃষককে সঙ্গী করে জৈব পদ্ধতিতে সবজি-সহ বিভিন্ন ফসলের চাষ করছে। এই সোসাইটি অ্যাপেডা কর্তৃক স্বীকৃত। উৎপাদিত ফসল বিপণনের ব্যাপারেও সোসাইটি সহায়তা করে থাকে। তথ্য-পরামর্শের জন্য আপনি সোসাইটির প্রোজেক্টের অফিসে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: গ্রাম ও পোঃ আটঘরা, থানা-বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা-৭৪৩ ৪৩৮। ফোন: ৯৭৩৪৬-৯১৯৩৪, ৯৭৩৪৬-৪৫৬৬৩।

□ *বর্ধমানের কাঠের পুতুল শিল্পীদের সঙ্গে যোগাযোগ করতে চাই। যোগাযোগের নির্দিষ্ট কোনও ঠিকানা পাওয়া যেতে পারে কি? —তীর্থ ভৌমিক, দত্তবাগান, কলকাতা।*

□□ আপনি এই ঠিকানায় যোগাযোগ করতে পারেন: স্বামী জানকীদাস নতুনগ্রাম উড কার্ভিং আর্টিজানস ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড, নতুনগ্রাম, পোঃ পাটুলি, বর্ধমান-৭১৩ ৫১২। ই-মেল: rch.woodendoll.natungram@gmail.com

□ *ফিনাইল ও রুম ফ্রেশনার তৈরির জন্য খাঁটি সিট্রোনেলা অয়েলের দরকার। কোথা থেকে কিনতে পাব? —অভিজিৎ রায়, ব্যান্ডেল, হুগলি।*

□□ পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগম থেকে নন-টিম্বার ফরেস্ট প্রোডাক্ট হিসেবে সিট্রোনেলা অয়েল কিনতে পাওয়া যায়। যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: কে বি-১৯, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-১০৬। ফোন: ২৩৩৫-০০৬৪।

□ *আমি ইলেক্ট্রিক্যাল ট্রেডে আই টি আই ট্রেড কোর্স করেছি। সৌরশক্তি-চালিত খেলনা তৈরির ব্যবসায় আগ্রহী। প্রযুক্তিটা জানি। কিন্তু খেলনা তৈরির ক্ষেত্রে কীভাবে সেই প্রযুক্তি কাজে লাগাব সে-ব্যাপারে জানা দরকার। কলকাতায় কোথাও প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি? —তন্ময় বিশ্বাস, হালতু, কলকাতা।*

□□ গীতাঞ্জলি সোলার সৌরশক্তির ব্যবহার বিষয়ক নানা প্রশিক্ষণ দেয়। এই সংস্থা সৌরশক্তিচালিত খেলনাও তৈরি করে। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: গীতাঞ্জলি সোলার, পি-১৪, কসবা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ফেজ-ওয়ান, ই এম বাইপাস, ইস্ট কলকাতা টাউনশিপ, কলকাতা-১০৭। ফোন: ২৪৪২-০৭৭৩/৪০২৭।

□ *কেন্দ্রীয় সরকারের পর্যটন বিভাগ কর্তৃক স্বীকৃত হোমস্টে গড়ার জন্য কোথায় যোগাযোগ করতে পারি? —অরিত্র ভৌমিক, বোলপুর, বীরভূম।*

□□ যোগাযোগ করবেন এই ঠিকানায়: ইন্ডিয়া ট্যুরিজম, ৪, এমব্যাসি বিল্ডিং, শেক্সপিয়ার সরণি (মিডলটন রো), কলকাতা-৭১। ফোন: (০৩৩) ২২৮২-৫৮১৩। গুগলে ‘Incredible India Bed & Breakfast Guidelines’ লিখে সার্চ করলে হোমস্টে-র স্বীকৃতি পাওয়ার শর্তাবলি পাবেন। পাওয়া যাবে আবেদনের ফর্মও।

□ *বাণিজ্যিক উদ্দেশ্যে খরগোশ পালন করতে চাই। একটা প্রোজেক্ট গাইড পেলে সুবিধা হয়। কোথা থেকে পেতে পারি? —প্রদীপ বসাক, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।*

□□ খরগোশ পালন-সংক্রান্ত প্রোজেক্টের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.agrifarming.in/rabbit farming প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.greenecosystem.in

□ *ছোট ছোট যান্ত্রিক সরঞ্জাম রপ্তানির জন্য কাদের কাছ থেকে তথ্য-পরামর্শ পাওয়া যেতে পারে? —সঞ্জয় শর্মা, বালি, হাওড়া।*

□□ আপনি এম এস এম ই-ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে যোগাযোগ করতে পারেন। তথ্য-পরামর্শ পাবেন। রপ্তানি-ব্যবসার স্বল্পমেয়াদি প্রশিক্ষণও দেওয়া হয় এখানে। এটি কেন্দ্রীয় সরকারের সংস্থা। যোগাযোগের ঠিকানা: এম এস এম ই-ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, ১১১ ও ১১২, বি টি রোড, কলকাতা-১০৮। ফোন: ২৫৭৭-০৫৯৫। ওয়েবসাইট: msmedikolkata.gov.in

□ *দিল্লিতে প্রতিবছর দু’টি আন্তর্জাতিক মানের হস্তশিল্প মেলা আয়োজিত হয়। আগামী বছরের মেলার সময়সূচি সম্পর্কে জানতে চাই। আমি একজন হস্তশিল্পসামগ্রীর ব্যবসায়ী। মেলা কমিটির ফোন নম্বর বা ই-মেল অ্যাড্রেস পাওয়া যেতে পারে কি? —সুব্রত জানা, রায়গঞ্জ, উত্তর দক্ষিণ দিনাজপুর।*

□□ বছরের প্রথমভাগে ‘স্প্রিং ফেয়ার’ আয়োজিত হয় ১৫-১৯ এপ্রিল। বছরের দ্বিতীয় ভাগে ‘অটাম ফেয়ার’ আয়োজিত হয় সাধারণত অক্টোবর মাসে। মেলার আয়োজক এক্সপোর্ট প্রমোশন কাউন্সিল অব হ্যান্ডিক্রাফটস। ফোন: ১১-২৬১৩ ৫২৫৬। ই-মেল: mails@ epch.com আরও তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.epch.in


**JADAVPUR UNIVERSITY**
Computer Aided Design Centre
Kolkata - 700 032
Tel. : 2414-6844/2457-2960
Announces Training Courses on :
1) AutoCAD With AutoLISP Starting on 10.01.2020 (Evening).
2) Diploma in Multimedia & Animation. Starting on 15.01.2020 (Regular day time).
3) Structural Analysis And Design (STAAD). Starting on 17.01.2020 (Evening).
4) P.G. Diploma in Applied Geo-informatics. Starting on 12.02.2020 (Regular day time).
5) Python Preparatory. Starting on 20.02.2020 (Evening).
Admission going on first-come-first serve basis.
Contact for details or visit www.cadcentreju.org



SYMBIOSIS INSTITUTE OF COMPUTER STUDIES AND RESEARCH
020 25675601 / 602 | + 91 9075088779 | admissions@sicsr.ac.in | www.sicsr.ac.in
2020 Admissions Open
Speak business in the world of codes
MBA (Information Technology)
M.Sc. (Computer Applications) M.Sc. (System Security)
Online Registration
Step 1: Register and pay for SNAP by November 23, 2019
Step 2: Register and pay for Programme by January 7, 2020
Online SNAP entrance test: December 15, 2019
For details, visit: www.sicsr.ac.in and www.snaptest.org
Prof. Dr. Jatinderkumar R. Saini, Director, SICSR
SYMBIOSIS INTERNATIONAL (DEEMED UNIVERSITY)
Established under Section 3 of the UGC Act, 1956 | Re-accredited by NAAC with 'A' grade (3.58/4) | Awarded Category - I by UGC
No Capitation fee/Donation is charged for admission to any programme at any Symbiosis Institute


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*কঠোর পরিশ্রম করলে সাফল্য আসবেই। শুধু যে কাজটা করছি তাকে ভালোবাসা চাই।*
*— জেরেমি আয়নস*
*(অস্কারবিজয়ী অভিনেতা, হোপ ফাউন্ডেশনের ব্রান্ড অ্যাম্বাসাডর)*

***✓ কেমিস্ট্রির অনার্স গ্র্যাজুয়েট। চাকরির জন্য পড়াশোনা চলছে। সরকারি চাকরিতেই আগ্রহ। ডব্লু বি সি এসের প্রিলিমিনারি পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছি। তবে প্রশাসনিক চাকরিই যে করব এমন কোনও প্রতিজ্ঞা নেই। আমি দরখাস্ত করতে পারি এমন চাকরিগুলির কথা জানতে চাই।***

*অনিরুদ্ধ কর, বনহুগলি, কলকাতা।*

□ ডব্লু বি সি এস পরীক্ষায় বসা যদি বিশেষ উদ্দেশ্য হয়, তবে কোমর বেঁধে প্রস্তুতি নেওয়া শুরু করতে হবে এখনই। প্রসঙ্গত, ডব্লু বি সি এস পরীক্ষার প্রস্তুতি অন্যান্য কিছু সরকারি চাকরির পরীক্ষার জন্য অনেকটাই প্রস্তুত করে দেয়। যেমন, মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষা বা কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষা।

***এখনই আবেদন করতে পারেন:*** ২০২০-র ডব্লু বি সি এসের প্রিলিমিনারি পরীক্ষা ৯ ফেব্রুয়ারি। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা এই পরীক্ষায় বসতে পারেন। প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ হলে মেন পরীক্ষায় বসার ডাক পাবেন। প্রার্থীর বয়স হতে হবে 'এ' ও 'সি' গ্রুপের ক্ষেত্রে ২১-৩৬ বছর, 'বি' গ্রুপের ক্ষেত্রে ২০-৩৬ বছর এবং 'ডি' গ্রুপের ক্ষেত্রে ২১-৩৯ বছরের মধ্যে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়ম অনুসারে বয়সের ছাড় পাবেন। 'কর্মক্ষেত্র'-র ৬ নভেম্বর সংখ্যায় 'ডব্লু বি সি এস প্রিলিমিনারি ৯ ফেব্রুয়ারি' শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **২৫ নভেম্বরের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

> ২০২০-র ডব্লু বি সি এসের প্রিলিমিনারি পরীক্ষা ৯ ফেব্রুয়ারি। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা এই পরীক্ষায় বসতে পারেন। প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ হলে মেন পরীক্ষায় বসার ডাক পাবেন। প্রার্থীর বয়স হতে হবে 'এ' ও 'সি' গ্রুপের ক্ষেত্রে ২১-৩৬ বছর, 'বি' গ্রুপের ক্ষেত্রে ২০-৩৬ বছর এবং 'ডি' গ্রুপের ক্ষেত্রে ২১-৩৯ বছরের মধ্যে।

কেন্দ্রীয় সরকারে বিভিন্ন বিভাগ ও অফিসে কয়েকশো অফিসার, অ্যাসিস্ট্যান্ট ও ক্লার্ক নিয়োগ করা হবে কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পরীক্ষা ২-১১ মার্চ। 'কর্মক্ষেত্র'-র ২৩ অক্টোবর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম খবর জানানো হয়েছিল। ৩০ অক্টোবর সংখ্যায় 'গ্র্যাজুয়েট যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে কয়েকশো অফিসার, অ্যাসিস্ট্যান্ট ও ক্লার্ক' শীর্ষক সংবাদে সমস্ত খুঁটিনাটি তথ্য বিশদে জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **২২ নভেম্বরের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in আপনি আবেদন করতে পারেন।

***পরে আবেদন করতে পারবেন:*** বিভিন্ন সরকারি সংস্থার ল্যাবরেটরিগুলিতে অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলে ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার ও গুডস গার্ড পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার ও ক্লার্ক, রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। ইউ পি এস সি পরিচালিত কেন্দ্রীয় সিভিল সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন।

***✓ ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আই টি আই কোর্স করেছি। আই টি আইয়ে ৭২ শতাংশ নম্বর আছে। একটি আধা-সরকারি সংস্থায় চুক্তিভিত্তিক তিন বছরের চাকরির অভিজ্ঞতা আছে। চাকরির চেষ্টা চলছে। চাকরির খবর দেবেন। আরেকটা তথ্য বিশেষভাবে জানতে চাই, তা হল, আমি কি রেলের লোকো পাইলট পদে চাকরি পেতে পারি? এই পদের জন্য কি দৈহিক মাপজোকের শর্ত আছে?***

*সুদীপ ভুঁইয়া, কুমারডুবি, পূর্ব সিংভুম, ঝাড়খণ্ড।*

□ চাকরি আছে বিভিন্ন সরকারি ও রাষ্ট্রায়ত্ত সংস্থায়। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ৮৫জন ইলেক্ট্রিশিয়ান নেবে কোচিন শিপ-ইয়ার্ড। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ৬ নভেম্বর সংখ্যায় 'কোচিন শিপইয়ার্ডে ৬৫১' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। **১৫ নভেম্বরের মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cochinshipyard.com

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে টেকনিশিয়ান পদে আবেদন করতে পারবেন। রেলের লেভেল-ওয়ান গ্রুপের বিভিন্ন পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ সংস্থায় চাকরির জন্য আবেদন করতে পারবেন। চাকরি আছে অন্য নানা সরকারি সংস্থাতেও।

রেলের লোকো পাইলট পদে সরাসরি আবেদন করা যায় না। আপনি অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদন করতে পারবেন। পদোন্নতির মাধ্যমে লোকো পাইলট পদে উন্নীত হওয়া যায়। দৈহিক মাপজোকের বিশেষ কোনও শর্ত নেই। তবে দৃষ্টিশক্তি 'এ'-ওয়ান মানের হতে হবে। রং চেনার ভালো ক্ষমতা থাকা দরকার। আপনার দৃষ্টিশক্তি 'এ'-ওয়ান মানের কিনা তা একজন চক্ষু বিশেষজ্ঞ দিয়ে চোখ পরীক্ষা করিয়ে জেনে নিতে পারেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে দৃষ্টিশক্তির পরীক্ষা দিতে হয়। এ ছাড়া অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের প্রার্থীদের আলাদা করে অ্যাপ্টিটিউড টেস্ট দিতে হয়। রেলের সম্ভাব্য চালক হিসেবে আপনি কতটা উপযুক্ত তা এই অ্যাপ্টিটিউড টেস্টে যাচাই করা হবে। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে চাকরি করা যদি আপনার বিশেষ লক্ষ্য হয়ে থাকে, তবে এখন থেকেই এই পদের পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***✓ বিজ্ঞান শাখায় প্রথম বিভাগে পাশ করেছি এ বছরই। গণিত অনার্স পড়ছি। চাকরির প্রয়োজন। চাকরির পরীক্ষার জন্য পড়াশোনাও করছি। চাকরির খবর দিলে উপকৃত হব।***

*অনির্বাণ রায়, শকুন্তলা পার্ক, কলকাতা।*

□ উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। প্রতিযোগিতামূলক চাকরির পরীক্ষায় সফল হওয়ার জন্য খুব ভালো প্রস্তুতি থাকার দরকার হয়। পড়াশোনা করে প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ২৭০০ নাবিক নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। আর্টিফিশার অ্যাপ্রেন্টিস এবং সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস এন্ট্রিতে নিয়োগ হবে। অঙ্ক, ফিজিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স নিয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ তরুণরা আবেদন করতে পারেন। প্রার্থীর উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। উচ্চতার সঙ্গে মানানসই ওজনও থাকা দরকার। নির্দিষ্ট দৈহিক মাপজোক থাকলে আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৬ নভেম্বর সংখ্যায় 'নেভিতে ২৭০০ নাবিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। **১৮ নভেম্বরের মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in

> ২৭০০ নাবিক নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। আর্টিফিশার অ্যাপ্রেন্টিস এবং সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস এন্ট্রিতে নিয়োগ হবে। অঙ্ক, ফিজিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স নিয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ তরুণরা আবেদন করতে পারেন।

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের পুরসভা, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে সহায়ক বা অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে প্রথম শ্রেণির নম্বর আছে বলে জানিয়েছেন। মোট নম্বরের শতকরা হার জানা যাচ্ছে না আপনার চিঠি থেকে। উচ্চমাধ্যমিকে প্রধান দুটি বিষয় হিসেবে অঙ্ক ও ফিজিক্স পড়ে থাকলে এবং মোট অন্তত ৭০ শতাংশ নম্বর থাকলে নৌবাহিনী ও বিমানবাহিনীতে অন্য চাকরির জন্য আবেদন করা যায়। সামরিক বাহিনীতে চাকরি করার আগ্রহ থাকলে ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমির পরীক্ষাতেও আপনি বসতে পারবেন। এইসব চাকরির বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

## ভালো কেরিয়ার গড়ার জন্য দৃঢ় মানসিকতার দরকার হয়



**ডঃ দীপেশ চন্দ্র নাথ**
প্রাক্তন অধ্যাপক, অ্যাপ্লায়েড সাইকোলজি বিভাগ, কলকাতা বিশ্ববিদ্যালয়

ভালো কেরিয়ার গড়ার জন্য জীবনযাপনে শৃঙ্খলাপরায়ণতা জরুরি। পড়াশোনা করে কেরিয়ারের জন্য প্রস্তুত হওয়ার ধৈর্য ও মনোনিবেশ করার ক্ষমতার দরকার হয়। একটা বিষয় তলিয়ে বোঝার জন্য ধৈর্যের দরকার। একটা অঙ্ক একবারে কষতে না পারলে বারবার চেষ্টা করে সমাধান করতে হয়। অধৈর্য হয়ে পড়লে চলে না। মাথা ঠান্ডা রেখে যে কোনও কাজ শুরু থেকে শেষ পর্যন্ত সমাধা করতে গেলে আপনাকে সবথেকে বেশি নির্ভর করতে হবে আপনার উপরেই। আপনি তখনই আপনার উপর নির্ভর করতে পারেন, যখন আপনি মাথা ঠান্ডা রেখে কঠিন পরিস্থিতিতে সঠিক সিদ্ধান্ত নেওয়ার গুণের অধিকারী হবেন। এই গুণগুলো অর্জিত হয় শৃঙ্খলাপরায়ণ জীবনযাপনের মধ্য দিয়েই।

একজন মানুষ হিসেবে আপনার যেমন কিছু গুণ আছে, কিছু ক্ষমতা আছে, তেমনি কিছু দুর্বলতাও থাকতে পারে। দুর্বলতাগুলোকে ক্ষমতায় পরিণত করার প্রচেষ্টা একটা ইতিবাচক লড়াই। এই লড়াইটা আপনাকে আত্মবিশ্বাসী করে তুলবে, ক্রমাগত শক্তিশালীও করে তুলবে। একটা পাঠ্যবিষয় আপনার কাছে কঠিন বলে মনে হচ্ছে। আপনি বিষয়টাকে এড়িয়ে চলেছেন। আবার, পরীক্ষায় ওই বিষয়টি থেকে প্রশ্ন হলে কী করবেন তা নিয়ে উদ্বেগের মধ্যেও রয়েছেন। এই যে উদ্বেগ, তা কিন্তু আপনার মানসিক সুস্থিতিকে আঘাত করে চলেছে। আপনাকে দুর্বল করে দিচ্ছে। উল্টোটা কী হতে পারে? অনিচ্ছা ঝেড়ে ফেলে শক্ত হাতে বিষয়টিকে আঁকড়ে ধরুন। শান্ত থেকে ধৈর্যের সঙ্গে বিষয়টি বোঝার চেষ্টা করুন। এক্ষেত্রে একরোখা মনোভাব অবশ্যই ইতিবাচক। খানিকটা পরিশ্রম হবে, খানিকটা সময় দেওয়ার দরকার হবে। অতঃপর বিষয়টি যখন বুঝে উঠবেন, আপনার আবিষ্কারের আনন্দ হবে। আপনি আত্মবিশ্বাসী হবেন, শক্তিশালী হবেন, সাহসী হবেন।

প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সরকারি চাকরি পেতে হয়। তার জন্য প্রস্তুতি নেওয়ার দরকার হয়। ১০-১৫ দিনের প্রস্তুতি নিয়ে এ ধরনের পরীক্ষায় সাফল্যের আশা করা যায় না। ধারাবাহিক প্রস্তুতি চালিয়ে যেতে হতে হবে, অর্থাৎ শৃঙ্খলা মেনে প্রস্তুতি নিতে হবে। এক্ষেত্রেও ধৈর্যের দরকার হবে। কিছুদিনের প্রস্তুতি নিয়ে চাকরির পরীক্ষায় বসলেন। দু-একটি পরীক্ষায় সফল হতে পারলেন না। কী করবেন? প্রচেষ্টায় ইতি টানবেন? বলবেন, 'এসব আমার জন্য নয়'? তাহলে বুঝতে হবে আপনার প্রস্তুতিতে খামতি আছে। কারণ, সময় নিয়ে, পরিশ্রম করে প্রস্তুতি নিলে একটা চ্যালেঞ্জ নেওয়ার মানসিকতা গড়ে ওঠে। তখন সহজে লড়াইয়ে হার মেনে নেওয়া যায় না। আর কয়েকটি চাকরির পরীক্ষায় সফল না হতে পারলে তাকে ব্যর্থতা হিসেবে মেনে নিতে হবে কেন? একটি পরীক্ষা থেকে পরবর্তী পরীক্ষাটি তুলনামূলক ভালো হলে সেটাও সাফল্য। এভাবেই তো চূড়ান্ত সাফল্যের দিকে এগোতে হবে। চূড়ান্ত সাফল্য বলতে চাকরিটি পাওয়া। সামগ্রিক প্রয়াসটির জন্য প্রত্যয়ী মানসিকতার দরকার হয়।

> কিছুদিনের প্রস্তুতি নিয়ে চাকরির পরীক্ষায় বসলেন। দু-একটি পরীক্ষায় সফল হতে পারলেন না। কী করবেন? প্রচেষ্টায় ইতি টানবেন? বলবেন, 'এসব আমার জন্য নয়'? তাহলে বুঝতে হবে আপনার প্রস্তুতিতে খামতি আছে।

### কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট ৮ ও ১৪ ডিসেম্বর



অল ইন্ডিয়া ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন (এ আই এম এ) পরিচালিত ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট বা ম্যাট পরীক্ষা নেওয়া হবে ডিসেম্বরে। পেপার বেসড টেস্ট বা খাতায়-কলমে পরীক্ষা ৮ ডিসেম্বর (রবিবার)। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ১৪ ডিসেম্বর (শনিবার)। প্রার্থী যে-কোনও একটি পরীক্ষা দিতে পারেন, অথবা দু'টি পরীক্ষাই দিতে পারেন। দেশের প্রায় ৬০০টি বিজনেস স্কুলে ম্যাট স্কোরের ভিত্তিতে ম্যানেজমেন্ট ও সমতুল বিষয়ের কোর্সে ভর্তি নেওয়া হয়ে থাকে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা এই পরীক্ষায় বসতে পারেন। স্নাতকের সমাপ্তি বর্ষের ছাত্রছাত্রীরাও এই পরীক্ষা দিতে পারবেন।

পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ২০০টি প্রশ্ন হবে এই সব বিষয়ে: ল্যাঙ্গুয়েজ কম্প্রিহেনশন, ম্যাথমেটিক্যাল স্কিলস, ডেটা অ্যানালিসিস অ্যান্ড সাফিশিয়েন্সি, ইন্টেলিজেন্স অ্যান্ড ক্রিটিক্যাল রিজনিং এবং ইন্ডিয়ান অ্যান্ড গ্লোবাল এনভায়রনমেন্ট। প্রতিটি বিষয়ে ৪০টি করে প্রশ্ন হবে। পরীক্ষার সময় ২ ঘণ্টা ৩০ মিনিট।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র ২টি: কলকাতা এবং দুর্গাপুর। দুর্গাপুরে শুধুমাত্র পেপার বেসড টেস্ট বা খাতায়-কলমে পরীক্ষা নেওয়া হবে এবং কলকাতায় কম্পিউটার-ভিত্তিক টেস্ট ও পেপার বেসড টেস্ট উভয় মাধ্যমেই পরীক্ষা নেওয়া হবে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: https://mat.aima.in/dec19 পেপার বেসড টেস্টের ক্ষেত্রে ২ ডিসেম্বর এবং কম্পিউটার বেসড টেস্টের ক্ষেত্রে ১০ ডিসেম্বর থেকে অ্যাডমিট কার্ড পাওয়া যাবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://mat.aima.in/dec19 প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ পেপার বেসড টেস্টের ক্ষেত্রে ১ ডিসেম্বর এবং কম্পিউটার বেসড টেস্টের ক্ষেত্রে ৬ ডিসেম্বর। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (৪০ থেকে ১৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,৫৫০ টাকা। যাঁরা পেপার বেসড টেস্ট ও কম্পিউটার বেসড টেস্ট উভয় পরীক্ষাই দেবেন, তাঁদের ক্ষেত্রে পি ২,৬৫০ টাকা। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.aima.in

## নিখরচায় রাজ্যের ১০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ



নিখরচায় ১০০ তফসিলি জাতি ও উপজাতি তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ দিচ্ছে পূর্ব মেদিনীপুরের রূপসী কলেজ অব বিউটি। বিউটি থেরাপিস্টের প্রশিক্ষণ দেওয়া হবে গোপাল চক ময়নার প্রশিক্ষণ কেন্দ্রে। কোর্সটি পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিত্ত নিগমের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। **বয়স:** ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩ লাখের নীচে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbscstcorp.gov.in নিগমের তরফে আবেদনের শেষ তারিখ জানানো হয়নি।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯০৮৩৯২২২৫৩, ০৩২৮৮-২৩৯১৯৪।

## টাটা ইনস্টিটিউটে কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিগ্রি



কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্স। সংস্থার গুয়াহাটি ক্যাম্পাসের স্কুল অব সোশ্যাল ওয়ার্কে এই কোর্সটি পড়ানো হবে। কোর্সের মেয়াদ ২ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় অনলাইন প্রবেশিকা পরীক্ষা। পরীক্ষাটির নাম 'টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেস ন্যাশনাল এন্ট্রান্স টেস্ট' (টি আই এস এস এন ই টি)। পরীক্ষা হবে ৪ জানুয়ারি দুপুর ২টো থেকে ৩টে ৪০ মিনিট পর্যন্ত।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tiss.edu আবেদনের শেষ তারিখ ২৫ নভেম্বর। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ন্যাশনাল ব্রেন রিসার্চে নিউরোসায়েন্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

নিউরোসায়েন্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নেবে হরিয়ানার ন্যাশনাল ব্রেইন রিসার্চ সেন্টার। এটি ভারত সরকারের বায়োটেকনোলজি দপ্তরের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। দু'বছরের কোর্স। কোর্স চলাকালীন ছাত্রছাত্রীরা নির্দিষ্ট হারে ফেলোশিপ পাবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে স্বাতক ডিগ্রি। বিষয়গুলি হল: লাইফসায়েন্স, ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স,

### ফেলোশিপ: মাসে ১২,০০০ টাকা

কম্পিউটার অ্যাপ্লিকেশনস, ফার্মাসি, ভেটেরিনারি সায়েন্স, সাইকোলজি। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। মনে রাখবেন, শিক্ষাগত ক্ষেত্রের সব ক'টি পরীক্ষায় প্রার্থীকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) পেয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন।

**ফেলোশিপ:** মাসে ১২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে 'জয়েন্ট গ্র্যাজুয়েট এন্ট্রান্স এক্সামিনেশন ফর বায়োলজি অ্যান্ড ইন্টারডিসিপ্লিনারি লাইফ সায়েন্সেস, ২০১৯' পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ডিসেম্বর মাসে। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

অনলাইন-অফলাইন, দুই পদ্ধতিতেই আবেদন করা যাবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nbrc.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অফলাইনের ক্ষেত্রে আবেদনপত্র ডাউনলোড করে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে অনলাইনের ক্ষেত্রে ৩০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৫০ টাকা) এবং অফলাইনের ক্ষেত্রে ৩৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। অনলাইনে 'এস বি কালেক্ট'-এর মাধ্যমে এবং অফলাইনে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে ফি জমা দিতে হবে। ড্রাফট 'Director, National Brain Research Centre'-এর অনুকূলে গুরগাঁও বা মানেসরে প্রদেয় হতে হবে।

অফলাইনের ক্ষেত্রে পূরণ করা আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, National Brain Research Centre, Manesar-122 052 Dist. Gurgaon (Haryana). উভয় ক্ষেত্রেই আবেদনপত্র পৌঁছানোর শেষ তারিখ ৩১ মার্চ।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। ফোন: ১২৪-২৮৪৫২০০।

## আই আই এস ডব্লু বি এমে সাপ্লাই চেন অ্যান্ড লজিস্টিক্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



সাপ্লাই চেন অ্যান্ড লজিস্টিক্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট (আই আই এস ডব্লু বি এম)। এক বছরের কোর্স। ক্লাস হবে প্রতি শনিবার দুপুর ৩টে থেকে রাত ৯টা পর্যন্ত। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। **কোর্স ফি:** ৭০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ৭ ও ৮ জানুয়ারি, ২০২০ বেলা ৩টে। অনলাইন আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iiswbm.edu এ ছাড়া আবেদনপত্র সরাসরি প্রতিষ্ঠানের অফিস থেকেও সংগ্রহ করতে পারেন। ঠিকানা: IISWBM, Management House, College Square West, Kolkata-700 073. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

বিশদে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ম্যানেজমেন্টের স্নাতকোত্তর কোর্সে ভর্তির সি-ম্যাট পরীক্ষা ২৮ জানুয়ারি



দেশের এক হাজার বি-স্কুলে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি ও ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য দেশজুড়ে 'কমন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট' (সি-ম্যাট) আয়োজিত হবে ২৮ জানুয়ারি। পরীক্ষা নেবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখার ৩ বছরের গ্র্যাজুয়েটরাই ভর্তির জন্য আবেদন করতে পারেন। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারবেন। তবে সেক্ষেত্রে ভর্তির আগে রেজাল্ট প্রকাশিত হয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ১০০টি প্রশ্ন হবে কোয়ান্টিটেটিভ টেকনিক্স অ্যান্ড ডেটা ইন্টারপ্রিটেশন, লজিক্যাল রিজনিং, ল্যাঙ্গুয়েজ কম্প্রিহেনশন এবং জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে। প্রতিটি বিভাগে ২৫টি করে প্রশ্ন থাকবে। প্রতি প্রশ্নের মান ৪ নম্বর। মোট ৪০০ নম্বরের পরীক্ষা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা (সিটি কোড WB10) এবং শিলিগুড়ি (সিটি কোড WB11)। পরীক্ষা সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার ফল প্রকাশিত হবে ৭ ফেব্রুয়ারি। পরীক্ষার অ্যাডমিট কার্ড ২৪ ডিসেম্বর থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: https://cmat.nta.nic.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cmat.nta.nic.in ৩০ নভেম্বর পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইনে দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

পরীক্ষার ফি সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১,৬০০ টাকা (আর্থিকভাবে অনগ্রসর এবং ও বি সিদের ক্ষেত্রে ১,০০০ টাকা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৮০০ টাকা, ট্রান্সজেন্ডারদের ক্ষেত্রে ৭০০ টাকা)। মহিলাদের ক্ষেত্রে ফি ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অথবা ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস (ইউ পি আই) অথা পে টি এমের মাধ্যমে। সব ক্ষেত্রেই অতিরিক্ত সার্ভিস বা প্রসেসিং চার্জ দিতে হবে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্মের (কনফার্মেশন পেজ) চার কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরগুলিতে: ০১২০-৬৮৯-৫২০০।

## স্কলারশিপের খোঁজখবর

### লেস্টার বি পিয়ারসন ইন্টারন্যাশনাল স্কলারশিপ প্রোগ্রাম, ২০১৯

### ইউনিভার্সিটি অব টরন্টো

বিভিন্ন বিষয়ে স্নাতক কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কানাডার ইউনিভার্সিটি অব টরন্টো। স্কলারশিপের মেয়াদ ৪ বছর। ২০২০-র সেপ্টেম্বর সেশনের জন্য ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীরা আবেদন করতে পারেন।

**আবেদনের যোগ্যতা** ২০১৯-এ উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। দ্বাদশ শ্রেণিতে পাঠরতরাও আবেদন করতে পারেন। স্কলারশিপ বাবদ টিউশন ফি-সহ পড়ার সব খরচই বহন করবে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/LPS1 আবেদনের শেষ তারিখ ২৯ নভেম্বর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির জন্য কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা দরকার? —বিপ্লব কর্মকার, বক্সিহাট, হাওড়া।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে থাকা চাই। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে অন্তত ১৬২.৫ সেমি। উচ্চতা ও বয়সের অনুপাতে ওজন থাকতে হবে। এ ছাড়া সুগঠিত ও অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা-সহ বুকের ছাতি থাকতে হবে। পায়ের মাপ দরকার লম্বায় ৯৯-১২০ সেমি, থাই লম্বায় সর্বোচ্চ ৬৪ সেমি ও বসে থাকা অবস্থায় উচ্চতা ৮১.৫-৯৬ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। শুধুমাত্র হাইপারমেট্রোপিয়ার ক্ষেত্রে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। মায়োপিয়া মাইনাস ১.৫-এর বেশি হলে চলবে না। লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনও রকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল। বিশদে জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

□ *ইউ পি এস সি আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এগ্জামিনেশন (১), ২০২০' সম্পর্কে বিস্তারিত জানাবেন। —শেফালি সাহা, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এগ্জামিনেশন (১), ২০২০' হবে ২ ফেব্রুয়ারি। ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে লিখিত পরীক্ষা হয় এই তিন বিষয়ে: ইংলিশ, জেনারেল নলেজ এবং এলিমেন্টারি ম্যাথমেটিক্স। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির পরীক্ষা হয় শুধু ইংলিশ ও জেনারেল নলেজ বিষয়ে। সব ক্ষেত্রেই প্রতি পেপারে ১০০ নম্বর। সময় ২ ঘণ্টা করে। প্রশ্ন হয় অবজেক্টিভ টাইপের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকে। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে থাকবে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের উপর মাধ্যমিক মানের প্রশ্ন। লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে ২০০) নম্বরের ইন্টেলিজেন্স অ্যান্ড পার্সোন্যালিটি টেস্ট। এটি দু'পর্যায়ে হয়। প্রথম পর্যায়ে থাকে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট ও পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজিক্যাল টেস্ট ও কনফারেন্স। বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## স্টাফ সিলেকশন

□ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই সম্পর্কে জানাবেন। —অনসূয়া মুখার্জি, মালদা।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ৮০টি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকতে হবে। স্টেনোগ্রাফির দক্ষতা যাচাইয়ের জন্য স্কিল টেস্ট হবে। গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি শব্দ এবং গ্রেড 'ডি' প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিটের ডিক্টেশন দেওয়া হবে ইংরেজি অথবা হিন্দিতে। শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৪০ মিনিটে (হিন্দিতে ৫৫ মিনিটে) এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৫০ মিনিটে (হিন্দিতে ৬৫ মিনিটে) কম্পিউটারে টাইপ করতে হবে। প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা হবে। ২ ঘণ্টার পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস ও ১০০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন। প্রতিটি প্রশ্নের মান ১। অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় সফল হলে স্কিল টেস্টের জন্য ডাক পাওয়া যাবে। বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: http://ssc.nic.in

□ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সে সাব-ইনস্পেক্টর (ফায়ার) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় কী কী থাকবে? —শৌনক মণ্ডল, রাজহাটি, হুগলি।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সে সাব-ইনস্পেক্টর (ফায়ার) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক-সহ বি এসসি ডিগ্রি। অথবা মাধ্যমিক এবং সেই সঙ্গে নিম্নলিখিত ইঞ্জিনিয়ারিং শাখার যে-কোনওটিতে ডিপ্লোমা। শাখাগুলি হল: মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইলস, কেমিক্যাল, মাইনিং, অ্যারোনটিক্যাল, টেলিকমিউনিকেশন। প্রার্থীদের দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে সাড়ে ৬ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, ৩টি সুযোগে ৩.৬৫ মিটার লংজাম্প, ৩টি সুযোগে ১.২ মিটার হাইজাম্প, ৩টি সুযোগে ৪.৫ মিটার দূরে ১৬ পাউন্ডের বল ছোড়া (শটপাট)। স্বীকৃত ফায়ার ফাইটিং কোর্স করা থাকলে এবং খেলাধুলায় দক্ষতা থাকলে বা এন সি সি-র সদস্য হলে অগ্রাধিকার। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.sscer.org

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন কলেজে লাইব্রেরিয়ান পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অংশুমান পাল, কৃষ্ণ চন্দ্রপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে লাইব্রেরিয়ান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: লাইব্রেরি সায়েন্স বা ইনফর্মেশন সায়েন্স বা ডকুমেন্টেশন সায়েন্স বা সমতুল বিষয়ে অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। এর পাশাপাশি নেট বা স্লেট বা সেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এ ছাড়া কম্পিউটারাইজেশন অব লাইব্রেরি বিষয়ে জ্ঞান থাকতে হবে। বাংলা এবং ইংরেজিতে লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। তফসিলি, ও বি সি প্রার্থীরা স্নাতক ও স্নাতকোত্তর স্তরে মোট প্রাপ্ত নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। যে পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১-এর আগে মাস্টার ডিগ্রির পরীক্ষা সম্পূর্ণ করেছেন, তাঁরা পরীক্ষায় ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করে থাকলেই আবেদন করতে পারবেন। ইউ জি সি (মিনিমাম স্ট্যান্ডার্ড অ্যান্ড প্রসিডিওর ফর অ্যাওয়ার্ড অব পি এইচ ডি ডিগ্রি) রেগুলেশনস ২০০৯ অনুসারে যাঁরা পি এইচ ডি ডিগ্রি পেয়েছেন এবং ১১ জুলাই ২০০৯-এর আগে যাঁরা পি এইচ ডি-র জন্য রেজিস্ট্রেশন করেছিলেন তাঁরা নেট বা সেট বা স্লেট পরীক্ষায় উত্তীর্ণ না হয়ে থাকলেও আবেদন করতে পারেন। ২৫ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

## নার্সিং

□ *পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চে নার্সিং অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শ্রেয়সী তালুকদার, ঘাগড়া, পুরুলিয়া।*

□□ পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চে নার্সিং অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি এসসি (অনার্স) নার্সিং বা বি এসসি নার্সিং বা পোস্ট বেসিক বি এসসি নার্সিং অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা কোর্স করে থাকতে হবে। সেই সঙ্গে স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে অন্তত ৫০ শয্যাবিশিষ্ট কোনও হাসপাতালে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। ২২ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pgimer.edu.in

## ব্যাঙ্ক

□ *রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট পদের জন্য প্রস্তুতি নিচ্ছি। এ ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —সোহম অধিকারী, দুবরাজপুর, বীরভূম।*

□□ রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয় দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় (১০০ নম্বর) অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হয় ইংরেজি (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর) এবং রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে। সময়সীমা ১ ঘণ্টা। মেন পরীক্ষায় (২০০ নম্বর) অবজেক্টিভ ধরনের প্রশ্ন হয় রিজনিং (৪০ নম্বর), ইংরেজি (৪০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৪০ নম্বর), জেনারেল অ্যাওয়ারনেস (৪০ নম্বর) এবং কম্পিউটার নলেজ (৪০ নম্বর) বিষয়ে। সময় ২ ঘণ্টা। ইন্টারভিউ ৩৫ নম্বরের। ওয়েবসাইট: www.rbi.org.in

## কোর্স, ট্রেনিং

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে আইনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —দীপঙ্কর ঘোষ, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান।*

□□ আইনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। কোর্সটি পড়ানো হবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ, সুরেন্দ্রনাথ ল কলেজ, যোগেশ চন্দ্র চৌধুরি ল কলেজ, সাউথ ক্যালকাটা ল কলেজ এবং কলকাতা পুলিশ ল ইনস্টিটিউটে। কোর্সের মেয়াদ ২ বছর। শিক্ষাগত যোগ্যতা: বি এ এল এল বি (অনার্স) বা বি এ এল এল বি বা এল এল বি বা এল এল বি (অনার্স) পাশ। প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় ৬০ নম্বরের অবজেক্টিভ ধরনের প্রশ্ন এবং ৪০ নম্বর বিষয়ভিত্তিক প্রশ্ন হবে। পরীক্ষা ২৪ নভেম্বর, দুপুর ১টা থেকে আড়াইটে পর্যন্ত। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: ডিপার্টমেন্ট অব ল, ৫১/১, হাজরা রোড, কলকাতা ৭০০ ০১৯। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি অনলাইনে এস বি আই কালেক্ট-ক্যালকাটা ইউনিভার্সিটি-র অনুকূলে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল, ফি-রিসিপ্ট-সহ পূরণ করা আবেদনপত্র ২২ নভেম্বরের মধ্যে যে-কোনও কাজের দিন সরাসরি গিয়ে জমা দিতে হবে এই ঠিকানায়: The Office of the Faculty of Law, 51/1, Hazra Road, Kolkata-700 019.

□ *গার্ডেনরিচ শিপবিল্ডার্সে মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের প্রি সি কোর্সে ট্রেনিং নিতে চাই। এ বিষয়ে বিস্তারিত জানাবেন। —আদিত্য চন্দ, ভীমপুর, পশ্চিম মেদিনীপুর।*

□□ এক বছরের মেরিন ইঞ্জিনিয়ারিং প্রি-সি ট্রেনিং (টি এম ই/জি এম ই) কোর্সে ট্রেনিং দিয়ে থাকে কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স। শিক্ষাগত যোগ্যতা: এ আই সি টি ই বা ইউ জি সি কর্তৃক স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ন্যাভাল আর্কিটেকচার বা মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল ইয়ারে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক অথবা স্নাতক স্তরে ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়স থাকতে হবে ২৮ বছরের মধ্যে। কোর্স ফি: ১,৮২,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হয়ে থাকে ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল ইয়ারে (সপ্তম ও অষ্টম সেমেস্টার) প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। ওয়েবসাইট: www.grse.in

## অন্যান্য চাকরি

□ *ভারতীয় নৌবাহিনীতে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস কোর্সে নাবিক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সৌরভ দাস, মালিয়াড়া, বাঁকুড়া।*

□□ ভারতীয় নৌবাহিনীতে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস কোর্সে ট্রেনিং দিয়ে নাবিক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অঙ্ক ও ফিজিক্সের সঙ্গে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। প্রার্থীর উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন ও বুকের ছাতি থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। দৃষ্টিশক্তি চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা-সহ উভয় চোখে ৬/৬। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ফিজিক্যাল ফিটনেস টেস্ট এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে। ১০০ নম্বরের কম্পিউটার-ভিত্তিক লিখিত পরীক্ষায় থাকবে ইংরেজি, বিজ্ঞান, অঙ্ক এবং সাধারণ জ্ঞানের উপর উচ্চমাধ্যমিক স্তরের অবজেক্টিভ ধরনের প্রশ্ন। ইংরেজি ও হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। সময় ১ ঘণ্টা। ফিজিক্যাল ফিটনেস টেস্টে থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবস) এবং ১০টি পুশ আপ। শেষে মেডিক্যাল টেস্ট। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *এনার্জি এফিসিয়েন্সি সার্ভিসেসে হিউম্যান রিসোর্স বিভাগে অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —কৌশিক মালাকার, ঘেটুগাছি, নদিয়া।*

□□ এনার্জি এফিসিয়েন্সি সার্ভিসেসে হিউম্যান রিসোর্স বিভাগে অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সাইকোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আইনে স্নাতক বা লেবার ল-এ স্নাতকোত্তর ডিপ্লোমা অথবা এস এ পি সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। ওয়েবসাইট: https://eeslindia.org

□ *র‍্যালির মাধ্যমে এয়ারফোর্সে এয়ারম্যান পদে নিয়োগের ক্ষেত্রে আবেদন করেছি। এ ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —শিবেন্দু নস্কর, তমলুক, পূর্ব মেদিনীপুর।*

□□ এয়ারফোর্সে এয়ারম্যান পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও দু'পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। দৈহিক সক্ষমতা যাচাইয়ের পরীক্ষায় থাকবে ১.৬ কিলোমিটার দৌড়। অনূর্ধ্ব ২৭ বছর বয়সি প্রার্থীদের ক্ষেত্রে সময়সীমা ৬ মিনিট ৩০ সেকেন্ড এবং ২৭ বছর বা তার বেশি বয়সি প্রার্থীদের ক্ষেত্রে ৭ মিনিট। সেইসঙ্গে থাকবে ১০টি পুশ আপ, ১০টি সিট আপ ও ২০টি স্কোয়াট। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি ভাগে। প্রথমভাগে ইংরেজি এবং জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ক অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ৪৫ মিনিটের পরীক্ষা। নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয়ভাগে থাকবে এসে রাইটিং ও প্রেসি রাইটিং। পরীক্ষার দিনই ফলাফল প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের প্রথম পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট হবে। বিভিন্ন ভৌগোলিক পরিবেশের সঙ্গে প্রার্থীর মানিয়ে নেওয়ার ক্ষমতা আছে কি না, তা এই পর্বে খতিয়ে দেখা হবে। এই পরীক্ষায় সফল হলে ইনস্ট্রাকশনাল এবিলিটি টেস্ট হবে। প্রথম পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্টে সফল হলে দ্বিতীয় পর্যায়ের অ্যাডাপ্টেবিলিটি টেস্ট হবে। কঠোর নিয়মকানুন সংবলিত মিলিটারি ট্রেনিংয়ের সঙ্গে প্রার্থী কতটা মানিয়ে নিতে পারবে, তা এই পর্বে খতিয়ে দেখা হবে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

□ *ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে টেলিকম বিভাগে হেড কনস্টেবল পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অরিন্দম দাস, লস্করপুর, হাওড়া।*

□□ ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে টেলিকম বিভাগে হেড কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক। এই তিন বিষয় মিলিয়ে অন্তত ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে। অথবা মাধ্যমিক এবং সেইসঙ্গে ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল বা কম্পিউটার বিষয়ে ২ বছরের আই টি আই কোর্স পাশ। অথবা মাধ্যমিক-সহ ইলেক্ট্রনিক্স বা কমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। দেখুন এই ওয়েবসাইট: www.recruitment.itbpolice.nic.in

□ *লাইফ ইনশিওরেন্স কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস ডেভেলপমেন্ট অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —জয়জিৎ দাস, আমতা, হাওড়া।*

□□ লাইফ ইনশিওরেন্স কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস ডেভেলপমেন্ট অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা করে থাকলে এবং ইনশিওরেন্স মার্কেটিংয়ের জ্ঞান থাকলে অগ্রাধিকার। এর পাশাপাশি ইনশিওরেন্স ইন্ডাস্ট্রিতে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। দেখুন এই ওয়েবসাইট: www.licindia.in

নাম : ........................................
ঠিকানা : ........................................
........................................
........................................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ৪ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১১৬৩ স্পেশ্যালিস্ট অফিসার

*প্রথম পাতার পর*

স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগের যোগ্যতা নির্ণায়ক আই বি পি এসের লিখিত পরীক্ষাটি নেওয়া হবে এইসব পদের জন্য: আই টি অফিসার, এগ্রিকালচারাল ফিল্ড অফিসার, রাজভাষা অধিকারী, ল অফিসার, এইচ আর/পার্সোনেল অফিসার, মার্কেটিং অফিসার।

**পদ অনুসারে শূন্যপদের বিন্যাস: আই টি অফিসার (স্কেল-ওয়ান)**: মোট শূন্যপদ ৭৬টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯, আর্থিকভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ২টি করে শূন্যপদ শ্রবণ ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: কর্পোরেশন ব্যাঙ্ক**: শূন্যপদ ৬০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া**: শূন্যপদ ১৬টি (সাধারণ ১০, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ও ২টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে স্নাতক বা স্নাতকোত্তর ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল: কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশনস, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন। অথবা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট এবং সঙ্গে ডোয়েকের 'বি' লেভেল পাশ।

**এগ্রিকালচারাল ফিল্ড অফিসার (স্কেল-ওয়ান)**: মোট শূন্যপদ ৬৭০টি (সাধারণ ২৭৯, তফসিলি জাতি ১০০, তফসিলি উপজাতি ৪৪, ও বি সি ১৮০, আর্থিকভাবে অনগ্রসর ৬৭)। এর মধ্যে ৬টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৮টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৪টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৫টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: কানাড়া ব্যাঙ্ক**: শূন্যপদ ৩২০টি (সাধারণ ১৩০, তফসিলি জাতি ৪৮, তফসিলি উপজাতি ২৪, ও বি সি ৮৬, আর্থিকভাবে অনগ্রসর ৩২)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ, দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **কর্পোরেশন ব্যাঙ্ক**: শূন্যপদ ১০০টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। **পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক**: শূন্যপদ ৫০টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩, আর্থিকভাবে অনগ্রসর ৫)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া**: শূন্যপদ ২০০টি (সাধারণ ৮৬, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৫৪, আর্থিকভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ২টি করে শূন্যপদ শ্রবণ ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য, ৩টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে ৪ বছরের স্নাতক ডিগ্রি। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, ফিশারি সায়েন্স, পিসিকালচার, এগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং, অ্যাগ্রো-ফরেস্ট্রি, ফরেস্ট্রি, এগ্রিকালচারাল বায়োটেকনোলজি, ফুড সায়েন্স, এগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, সেরিকালচার।

**রাজভাষা অধিকারী (স্কেল-ওয়ান)**: মোট শূন্যপদ ২৭টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: কানাড়া ব্যাঙ্ক**: শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। **কর্পোরেশন ব্যাঙ্ক**: শূন্যপদ ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া**: শূন্যপদ ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: হিন্দিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। স্নাতকে একটি বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা সংস্কৃতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। স্নাতকে বিষয় হিসেবে ইংরেজি ও হিন্দি পড়ে থাকতে হবে।

**ল অফিসার (স্কেল-ওয়ান)**: মোট শূন্যপদ ৬০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিকভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ৪টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: কানাড়া ব্যাঙ্ক**: শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। **কর্পোরেশন ব্যাঙ্ক**: শূন্যপদ ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া**: শূন্যপদ ২৫টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: আইনের ব্যাচেলর ডিগ্রি (এল এল বি)। বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

**এইচ আর/পার্সোনেল অফিসার (স্কেল-ওয়ান)**: মোট শূন্যপদ ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: কর্পোরেশন ব্যাঙ্ক**: শূন্যপদ ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া**: শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস, এইচ আর, এইচ আর ডি, সোশ্যাল ওয়ার্ক এবং লেবার ল-এর মধ্যে যে-কোনও একটিতে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা।

**মার্কেটিং অফিসার (স্কেল-ওয়ান)**: মোট শূন্যপদ ৩১০টি (সাধারণ ১৩৪, তফসিলি জাতি ৪৪, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৮৩, আর্থিকভাবে অনগ্রসর ৩১)। এর মধ্যে ৫টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ২টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: কানাড়া ব্যাঙ্ক**: শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। **কর্পোরেশন ব্যাঙ্ক**: শূন্যপদ ১০০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৭, আর্থিকভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ২টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া**: শূন্যপদ ২০০টি (সাধারণ ৮৮, তফসিলি জাতি ২৮, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৫৪, আর্থিকভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ২টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় স্নাতক। সঙ্গে মার্কেটিংয়ে এম বি এ বা এম এম এস। অথবা মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট অথবা পোস্ট-গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ম্যানেজমেন্ট বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট।

আই টি অফিসার ছাড়া অন্যান্য পদের ক্ষেত্রে কম্পিউটার অপারেশনস বা ল্যাঙ্গুয়েজে সার্টিফিকেট বা ডিপ্লোমা বা ডিগ্রি থাকতে হবে অথবা হাই স্কুল বা কলেজ বা কোনও প্রতিষ্ঠানে একটি বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে।

**বয়স**: ২৬-১১-২০১৯ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা ১২৫ নম্বরের। সময় ২ ঘণ্টা। থাকবে রিজনিং (৫০) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫)। এছাড়া ল অফিসার ও রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে থাকবে ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি বিষয়ে গুরুত্ব-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৫০) বিষয়ে প্রশ্ন এবং বাকি পদগুলির ক্ষেত্রে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের (৫০) প্রশ্ন। সবক্ষেত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তবে কোনও উত্তরের ঘর ফাঁকা রাখলে তার জন্য নেগেটিভ মার্কিং হবে না। মেন পরীক্ষায় থাকবে ৬০ নম্বরের পেশাদারি বিষয়ে প্রশ্ন। রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ, দু'ধরনেরই প্রশ্ন হবে। সময় ১ ঘণ্টা। বাকি পদগুলির ক্ষেত্রে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। সময় ৪৫ মিনিট।

প্রিলিমিনারি পরীক্ষায় পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি। পশ্চিমবঙ্গের স্টেট কোড ৪৬।

দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in নিজের চালু ই-মেল আই ডি থাকা চাই। অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ নভেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) ও হাতে লেখা ডিক্লারেশন— 'I ____ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required.' (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০ থেকে ১০০ কেবি সাইজ) আপলোড করতে হবে।

ফি বাবদ জমা দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো), ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পরে ই-রিসিপ্ট এবং দরখাস্ত 'সাবমিট' করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উত্তর-পশ্চিম রেলে ২০২৯ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। **পেইন্টার**: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **ম্যাসন**: ৩০টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। **পাইপ ফিটার**: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **ফিটার**: ৫০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। **কার্পেন্টার (মেকানিক)**: ৩০টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। **ডিজেল মেকানিক**: ১৫০টি (সাধারণ ৭৫, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪১)।

**বিকানির ডিভিশন: ইলেক্ট্রিশিয়ান**: ১৫০টি (সাধারণ ৭৫, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪১)। **ফিটার**: ১৫০টি (সাধারণ ৭৫, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪১)। **ওয়্যারম্যান**: ১১০টি (সাধারণ ৫৫, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩০)। **কার্পেন্টার**: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ম্যাসন**: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক)**: ২টি (সাধারণ ১, ও বি সি ১)।

**জয়পুর ডিভিশন: ফিটার (মেকানিক্যাল)**: ২৮২টি (সাধারণ ১৪৩, তফসিলি জাতি ৪২, তফসিলি উপজাতি ২১, ও বি সি ৭৬)। **টেকনিশিয়ান (এস অ্যান্ড টি)**: ৯৩টি (সাধারণ ৪৭, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৫)। **টেকনিশিয়ান (ইলেক্ট্রিক)**: ৯৭টি (সাধারণ ৪৭, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৬)। **টেকনিশিয়ান (ইলেক্ট্রিক টি আর ডি)**: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)।

**যোধপুর ডিভিশন: ডিজেল মেকানিক (মেকানিক্যাল)**: ১০৪টি (সাধারণ ৫২, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৮)। **ডিজেল ইলেক্ট্রিক মেকানিক (মেকানিক্যাল)**: ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। **ফিটার (মেকানিক্যাল-ক্যারেজ অ্যান্ড ওয়াগন)**: ১১০টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩০)। **ফিটার (ইলেক্ট্রিক পাওয়ার)**: ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। **ফিটার (ইলেক্ট্রিক-এ সি)**: ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। **ফিটার (ইলেক্ট্রিক ট্রেন-লাইটিং)**: ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)।

**বি টি সি ক্যারেজ, আজমের: ফিটার**: ৬২টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭)। **ওয়েল্ডার**: ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **পেইন্টার**: ৫০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। **ইলেক্ট্রিশিয়ান**: ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)।

**বি টি সি লোকো, আজমের: ডিজেল মেকানিক**: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ফিটার**: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **ওয়েল্ডার**: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

**ক্যারেজ ওয়ার্কশপ, বিকানির: ফিটার**: ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ইলেক্ট্রিশিয়ান**: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ওয়েল্ডার**: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)।

**ক্যারেজ ওয়ার্কশপ, যোধপুর: ফিটার**: ৩৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **কার্পেন্টার**: ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই)**: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **পেইন্টার (জেনারেল)**: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স**: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **মেশিনিস্ট**: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য আসন সংরক্ষিত হবে।

মনে রাখবেন, যে-কোনও একটি ইউনিটে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করা যাবে।

**শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ করে থাকতে হবে।

**বয়স**: ৮-১২-২০১৯ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcjaipur.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৮ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন ফটো (৩.৫×৩.৫ সেমি মাপে, ২০ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (৩.৫×৩.৫ সেমি মাপে, ২০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অথবা ফোন করতে পারেন এই হেল্প ডেস্ক নম্বরে: ৮৪২৬৯-৭৪৬৬৬ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

# হুগলির সরকারি হোমে চাকরি

কম্পাউন্ডার, জুনিয়র সোশ্যাল ওয়ার্কার, টিচার-সহ বিভিন্ন পদে ৫ জনকে নেবে হুগলির ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অফিস। চুক্তিতে নিয়োগ হবে উত্তরপাড়ার সরকারি হোমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1741/SW-Hug. অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hooghly.gov.in দরখাস্তের শেষ তারিখ ১৮ নভেম্বর। আগ্রহী প্রার্থীরা বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারে চাকরি

*প্রথম পাতার পর*

দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.barc.gov.in, http://recruit.barc.gov.in দরখাস্ত করা যাবে ১৬ নভেম্বর থেকে ৬ ডিসেম্বর পর্যন্ত।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৯ অক্টোবর-৪ নভেম্বর

**২৯ অক্টোবর** হিমাচলপ্রদেশের ধর্মশালায় দলাই লামার সঙ্গে সাক্ষাতের পর মার্কিন কূটনীতিক স্যাম ব্রাউনব্যাক জানালেন, দলাই লামার উত্তরসূরি অর্থাৎ পঞ্চদশ দলাই লামা নির্বাচনের অধিকার শুধু মাত্র তিব্বতের। এরপরই মার্কিন বক্তব্যে আপত্তি জানিয়ে, তিব্বতি ধর্মগুরুর উত্তরসূরি নির্বাচনের ক্ষেত্রে চিনা সম্মতি অবশ্যই প্রয়োজন বলে দাবি করল চিন। সে দেশের বিদেশ মন্ত্রকের তরফে বলা হয়েছে, 'মার্কিন কর্তার ওই মন্তব্য চিনের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করার সমান।'

## ভারত সফরে এসে কাশ্মীর নিয়ে উদ্বেগ ম্যার্কেলের



**১ নভেম্বর:** দু'দিনের ভারত সফরে এলেন জার্মানির চ্যান্সেলর অ্যাঙ্গেলা ম্যার্কেল। নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠকে কাশ্মীর প্রসঙ্গ নিয়ে কথা না উঠলেও সাংবাদিকদের প্রশ্নের উত্তর দিতে গিয়ে কাশ্মীর নিয়ে উদ্বেগ প্রকাশ করলেন ম্যার্কেল। জার্মানি চ্যান্সেলর বলেছেন, 'কাশ্মীরের মানুষ অস্থির পরিস্থিতির মধ্যে বাস করছেন। এই পরিস্থিতির উন্নতি হওয়া প্রয়োজন।' মোদী-ম্যার্কেল বৈঠকে সন্ত্রাস মোকাবিলায় একজোট হয়ে কাজ করার ব্যাপারে সহমত হয়েছে দুই পক্ষই। দুই নেতার আলোচনার পর সাংবাদিক বৈঠকে মোদী বলেছেন, 'সন্ত্রাস ও বিচ্ছিন্নতাবাদের মতো বিপদের মোকাবিলার ক্ষেত্রে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সহযোগিতা আমরা জোরদার করব।' এ ব্যাপারে অন্য দেশগুলির সহযোগিতা চেয়ে মোদী-মর্কেলের যৌথ বিবৃতিতে বলা হয়েছে, 'গুরুত্বপূর্ণ এবং গোয়েন্দা তথ্য আদান-প্রদান এবং আন্তর্জাতিক আইনের সাহায্যে সন্ত্রাসবাদ এবং বিচ্ছিন্নতাবাদ রোখার ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতার উপর জোর দেব আমরা।' ছবি: পি টি আই

**জম্মু-কাশ্মীরে পাঁচ বাঙালি শ্রমিককে গুলি** করে হত্যা করল জঙ্গিরা। ইউরোপীয় পার্লামেন্টের বাছাই করা সদস্যদের কাশ্মীর সফরের দিনেই চলল এই হত্যালীলা। পুলিশ সূত্রে জানানো হয়েছে, পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদের বহালনগর গ্রাম থেকে যাওয়া জনা পনেরো শ্রমিকের একটি দল কুলগামের কটারসু গ্রামে একটি কাঠের বাড়িতে ভাড়া থাকতেন। এদিন সন্ধ্যেয় তাঁদেরই কয়েকজনকে ঘর থেকে বার করে এনে গুলি চালিয়ে হত্যা করে জঙ্গিরা।

**মহিলাদের সুরক্ষায় প্রতি বাসে একজন** করে বাস মার্শাল রাখার ব্যবস্থা করলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীবাল। এ দিন থেকেই ডিটিসি বাসগুলিতে কাজে বহাল হলেন এঁরা। দিল্লির মুখ্যমন্ত্রী অবশ্য এক দিন আগেই আনুষ্ঠানিক ভাবে বাস মার্শালি নিয়োগের ব্যাপারটি ঘোষণা করেছিলেন।

**৩০ অক্টোবর** ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসনের প্রস্তাব মেনে আগামী ১২ ডিসেম্বর সাধারণ নির্বাচনে সম্মতি দিল ব্রিটিশ পার্লামেন্টের নিম্নকক্ষ হাউস অব কমন্স। অতীতের রেকর্ড বলছে প্রায় একশো বছর পরে বড়দিনের ছুটিতে ভোট হবে সে দেশে। হাউস অব কমন্সের ভোটাভুটিতে প্রধানমন্ত্রী জনসনের প্রস্তাব প্রায় সর্বসম্মত ভাবে মেনে নেন এমপি-রা। সেই প্রস্তাব এ বার পাঠানো হবে পার্লামেন্টের উচ্চকক্ষ হাউস অব লর্ডসে। সেখানেও বিনা বাধায় এই প্রস্তাব পাশ হয়ে যাবে বলে মনে করছেন কূটনীতিকরা।

**৩১ অক্টোবর** কুলভূষণ যাদব মামলায় পাকিস্তান ভিয়েনা চুক্তি লঙ্ঘন করেছে বলে রাষ্ট্রপুঞ্জকে জানালেন আন্তর্জাতিক ন্যায় আদালতের সভাপতি বিচারপতি আব্দুলওয়াকি আহমেদ ইউসুফ। রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভায় এই সংক্রান্ত রিপোর্ট পেশ করেছেন তিনি। জানিয়েছেন, এই মামলায় ভিয়েনা চুক্তির ৩৬ নম্বর ধারাটি লঙ্ঘিত হয়েছে। বিচারপতি ইউসুফ বলেন, 'কনসুলার অ্যাকসেস' নিয়ে ভারত-পাকিস্তানের দ্বিপাক্ষিক চুক্তি আছে কি না, খতিয়ে দেখেছে আন্তর্জাতিক ন্যায় আদালত। দেখা গিয়েছে, দু'দেশের মধ্যে এমন কোনও চুক্তি নেই যা প্রয়োগ করে কুলভূষণের 'কনসুলার অ্যাকসেস' আটকাতে পারে পাকিস্তান।

**দলের শীর্ষ নেতা আল বাগদাদির মৃত্যুর** চারদিন পর সেই খবরের সত্যতা স্বীকার করল জঙ্গি সংগঠন আই এস। সেই সঙ্গে সংগঠনের নতুন নেতারও নাম ঘোষণা করেছে তারা। আই এসের নতুন মুখপাত্র আবু হামজা আল কুরেশি এক অডিয়ো বার্তায় আল বাগদাদির মৃত্যুর খবর স্বীকার করে জানিয়েছে, সংগঠনের ভার এখন জঙ্গি নেতা আবু ইব্রাহিম আল হাসিমি আল কুরেশিকে দেওয়া হয়েছে।

**১ নভেম্বর** স্বাস্থ্যক্ষেত্রে জরুরি অবস্থা বা 'হেলথ এমার্জেন্সি' ঘোষণা হল দিল্লিতে। মারাত্মক পরিবেশ দূষণের জন্য সেখানে জরুরি স্বাস্থ্য সতর্কতা জারি করেছে এনভায়রনমেন্ট পলিউশন প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল অথরিটি বা ইপিসিএ। এক বিজ্ঞপ্তিতে ইপিসিএ জানিয়েছে, 'দিল্লির পরিবেশ দূষণ এখন অত্যন্ত বিপজ্জনক অবস্থায় রয়েছে। এই পরিস্থিতিকে আমরা পাবলিক হেলথ এমার্জেন্সি বলে বিবেচনা করছি। এই আবহাওয়া সবার উপরে প্রভাব ফেলবে, বিশেষত ক্ষতি করতে পারে শিশু ও বয়স্কদের।' পুরো পরিস্থিতির ব্যাখ্যা দিতে গিয়ে দিল্লিকে গ্যাস চেম্বার হিসেবে বর্ণনা করেছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীবাল।

**বিতর্কিত শরণার্থী আশ্রয় আইন পাশ** করাল গ্রিস। মানবাধিকার লঙ্ঘনের অভিযোগকে উপেক্ষা করেই সে দেশের পার্লামেন্টে পাশ হয়েছে এই আইন। মানবাধিকার কর্মীদের অভিযোগ, এই আইনে শরণার্থীদের নিরাপত্তা ও মানবাধিকার লঙ্ঘিত হবে। কিন্তু গ্রিস দাবি করেছে, যে ভাবে তাদের ভূখণ্ডে শরণার্থীর সংখ্যা বাড়ছে, তা নিয়ন্ত্রণে কড়া আইন আনা ছাড়া উপায় নেই।



> ইউরোপীয় ইউনিয়নের বিভিন্ন দেশে এবং রাশিয়া ও চিনের মতো রাষ্ট্র এই চুক্তিকে (প্যারিস জলবায়ু চুক্তি) সমর্থন করলে আমরা যৌথভাবে পৃথিবীকে রক্ষা করতে পারব। কোনও জাতির স্বার্থ সমগ্র মানবজাতির স্বার্থের থেকে বড় হতে পারে না।

ইমানুয়েল মাকরঁ, *ফরাসি প্রেসিডেন্ট*

প্যারিস জলবায়ু চুক্তি থেকে আমেরিকা বেরিয়ে যাওয়ার পরে বেজিংয়ে চিনা প্রেসিডেন্টের সঙ্গে একটি যৌথ বিবৃতি দিয়ে এই চুক্তি 'অপরিবর্তনীয়' জানিয়ে

## প্রয়াত গুরুদাস দাশগুপ্ত



**৩১ অক্টোবর:** প্রাক্তন সাংসদ ও বাম শ্রমিক আন্দোলনের দীর্ঘ দিনের নেতা গুরুদাস দাশগুপ্ত (৮৩) প্রয়াত হলেন। বামপন্থী ছাত্র আন্দোলনের দাপুটে নেতা হিসেবে গুরুদাসবাবু রাজনৈতিক জীবন শুরু করেন। টানা অনেক বছর সিপিআইয়ের শ্রমিক সংগঠন এআইটিইউসি-র সাধারণ সম্পাদক ছিলেন তিনি। রাজ্যসভায় তিনবার এবং লোকসভায় দু-বার সাংসদ থাকার সময় বাগ্মী রাজনীতিক হিসেবে খ্যাতি পান। বাইলাডিলা খনি বিক্রির উদ্যোগ আইনি লড়াইয়ে গিয়ে রুখে দেওয়া, হর্ষদ মেটা কেলেঙ্কারি এবং পরে টু-জি স্পেকট্রাম তদন্ত বা মারুতি কারখানার আন্দোলনে গুরুদাসবাবুর বড় ভূমিকা ছিল। তাঁর ভূমিকা স্মরণ করে সিপিএম শোকবার্তায় বলেছে, 'দেশের বামপন্থী আন্দোলন ও শ্রমিক শ্রেণি এক বলিষ্ঠ কণ্ঠকে হারাল।' শোকপ্রকাশ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর টুইট, 'গুরুদাসবাবু তাঁর নিজের আদর্শের পক্ষে স্পষ্ট ভাবে সওয়াল করতে পারতেন। সংসদে তাঁর কণ্ঠ রাজনীতির সব বলয়ই মন দিয়ে শুনত।' মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, সংসদ ও শ্রমিক আন্দোলনের মাধ্যমে জাতির প্রতি তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে।'

## দু'বছর নির্বাসিত হলেন বাংলাদেশের শাকিব



**২৯ অক্টোবর:** ভারত সফরে রওনা দেওয়ার একদিন আগে হঠাৎ নির্বাসিত হলেন বাংলাদেশের টেস্ট এবং টি-টোয়েন্টি দলের অধিনায়ক শাকিব আল হাসান। ক্রিকেট জুয়াড়ির কাছ থেকে প্রস্তাব পেয়েও আইসিসি-কে তিনি সে বিষয়ে কিছু জানাননি। এই কারণেই শাকিবকে সব ধরনের ক্রিকেট থেকে দু'বছরের জন্য নির্বাসিত করল আইসিসি। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা অবশ্য শাকিবের পাশে থাকারই বার্তা দিয়ে বলেছেন, 'এটা পরিষ্কার, শাকিব একটা ভুল করে ফেলেছে। ও নিজের ভুলটাও বুঝতে পেরেছে। আইসিসির সিদ্ধান্ত নিয়ে সরকারের কিছু করার নেই, কিন্তু বাংলাদেশ বোর্ড ওর পাশে থাকবে।'

## পাক ট্রেনে বিধ্বংসী আগুন, মৃত ৭৪



**৩১ অক্টোবর:** পাকিস্তানে চলন্ত ট্রেনে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৭৪ জনের মৃত্যু হল। করাচি ও রাওয়ালপিন্ডির মধ্যে যাতায়াতকারী 'তেজগম এক্সপ্রেস'-এ গ্যাস স্টোভ ফেটে তিনটি কামরায় আগুন ছড়িয়ে পড়ে। আহত অন্তত ৪৮ জন। আহতদের অনেকের অবস্থাই আশঙ্কাজনক। অগ্নিকাণ্ডের সময় ট্রেনটি ছিল রহিম ইয়ার খান জেলার কাছে লিয়াকতপুরে। পাকিস্তানের রেলমন্ত্রী শেখ রশিদ আহমেদ জানিয়েছেন, ট্রেনের যাত্রীরা সকলেই লাহোর যাচ্ছিলেন একটি ধর্মীয় অনুষ্ঠানে যোগ দিতে। রান্না করার সময় দু'টি গ্যাস স্টোভ হঠাৎ ফেটে যায়। যাত্রীদের কাছে কেরোসিন থাকার কারণেই আগুন দ্রুত ছড়িয়ে পড়ে অন্য কামরায়।

**৩ নভেম্বর** দিল্লির পরিবেশ দূষণ সর্বকালীন রেকর্ড গড়ে তীব্র আতঙ্কের সৃষ্টি করল। এদিন সকাল থেকে সন্ধে, দিল্লি এবং তার আশপাশের এলাকাগুলির দূষণ সূচক বা এয়ার কোয়ালিটি ইনডেক্স ঘোরাফেরা করল ১২০০-র উপরে, যা স্বাভাবিক মাত্রার থেকে ২০ গুণেরও বেশি। এই ভয়াবহ দূষণের জন্য দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীবাল দায়ী করেছেন কেন্দ্র, পাঞ্জাব ও হরিয়ানা সরকারকে। তাঁর দাবি, 'দিল্লিতে দূষণের প্রধান কারণ খড়ের নাড়া পোড়ানো। যত দিন পর্যন্ত না পাঞ্জাব ও হরিয়ানার সরকার এই বিষয়ে ঠিক পদক্ষেপ করবে, ততদিন ভুগতে হবে দিল্লিকে। এই নিয়ে কেন্দ্রীয় সরকার কোনও পদক্ষেপ করেনি।'

## থাইল্যান্ড সফরে মোদী




**৩ নভেম্বর:** ৩৫তম আসিয়ান এবং চতুর্দশ পূর্ব এশিয়া সম্মেলনে (ইস্ট এশিয়া সামিট) যোগ দিতে ব্যাঙ্কক গেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেখানে শিল্পপতিদের এক অনুষ্ঠানে দেশের কর ব্যবস্থা আরও সরল করার ইঙ্গিত দিয়েছেন প্রধানমন্ত্রী। দেশে বৃদ্ধির হার আরও টেনে তুলতে এবং নতুন কর্মসংস্থান বাড়াতে মোদী সরকার নজর দিয়েছেন দেশে নতুন শিল্প বিনিয়োগের উপর। এদিন থাইল্যান্ডে আদিত্য বিড়লা গোষ্ঠীর সুবর্ণ জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন দেশের কর ব্যবস্থা করদাতা-বান্ধব করে তুলতে তাঁর সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তাঁর কথায়, 'গোটা ভারতীয় অর্থনীতিকে একটি অখণ্ড বাজারে পরিণত করতে আমরা একক পণ্য ও পরিষেবা কর ব্যবস্থা শুরু করেছি। শিল্পপতিদের কাছে ভারতকে বিনিয়োগের অন্যতম গন্তব্য করে তুলতে আমরা দেশের কর ব্যবস্থাকে আরও সহজ-সরল করতে চাই।'

**২ নভেম্বর** মেঘালয়ে প্রবেশ করতে হলে ভিন রাজ্যের কোনও ব্যক্তিকে এ বার থেকে মেঘালয় রাজ্য সরকারের আগাম অনুমতি নিতে হবে। পর্যটক, ব্যবসায়ী, শ্রমিক বা কাজের খাতিরে যেতে চাওয়া সকলকে নাম-ছবি-পরিচয়পত্র-সহ এই অনুমতি বাধ্যতামূলক বলে মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে বিবৃতিতে জানানো হয়েছে। দীর্ঘদিন ধরেই মেঘালয়ে ইনার লাইন পারমিট চালু করার দাবি উঠছিল। কিন্তু কেন্দ্র সেই দাবি মানেনি। শেষ পর্যন্ত আবাসিক সুরক্ষা ও নিরপত্তা আইনের সংশোধনীতে সম্মতি দিল রাজ্য মন্ত্রিসভা।

(a) প্লাজমোডিয়াম ভাইভ্যাক্স (b) প্লাজমোডিয়াম ম্যালেরি (c) প্লাজমোডিয়াম ফ্যালসিপেরাম (d) ওপরের কোনওটিই নয়

74. DNA-এর একটি প্যাঁচের মাপ হল:
(a) 34Å (b) 3.4Å (c) 24 Å (d) 44Å

75. তসর রেশম উৎপন্ন করে:
(a) Antheraea mylitta (b) Bombyx mori (c) Philosomia ricini (d) Antheraea assamensis

76. স্তন্যপায়ী প্রাণীর করোটি স্নায়ুর সংখ্যা হল:
(a) 10 জোড়া (b) 10টি (c) 12 জোড়া (d) 12টি

77. একটি আয়তাকার জমির দৈর্ঘ্য বাড়ানো হল 25% এবং প্রস্থ কমানো হল 25%। এর ফলে জমিটির ক্ষেত্রফল:
(a) অপরিবর্তিত থাকবে (b) 6.25% বাড়বে (c) 6.25% কমবে (d) 12.5% কমবে

78. $\left(1-\frac{1}{2}\right)\left(1-\frac{1}{3}\right)\left(1-\frac{1}{4}\right)\ldots\left(1-\frac{1}{m}\right)$ এর মান হল:
(a) 1 (b) $\frac{1}{m}$ (c) $\frac{1}{2m}$ (d) $\frac{1}{1.2.3\ldots(m-1)m}$

79. রাজা ঋকের থেকে 7 বছরের ছোট এবং রাতুলের থেকে 6 বছরের বড়। রাজার বয়সের $\frac{2}{3}$ অংশ ঋকের বয়সের $\frac{3}{5}$ অংশ এবং রাতুলের বয়সের $\frac{3}{4}$ অংশের সমষ্টি 36 বছর। রাজার বয়স কত?
(a) 14 বছর (b) 18 বছর (c) 22 বছর (d) 24 বছর

80. $0.1 \div 0.01 = ?$
(a) 0.1 (b) 0.01 (c) 10 (d) 100

81. যদি কোনও সংখ্যার শতকরা 40 ভাগের সঙ্গে 24 যোগ করলে উক্ত সংখ্যাকেই পাওয়া যায়, তাহলে সংখ্যাটি হল:
(a) 24 (b) 40 (c) 16 (d) 64

82. একটি শহরের কোনও এক জায়গায় 350টি পরিবার দূরদর্শন দেখে, 300টি পরিবার Star TV দেখে এবং 200টি পরিবার দুটোই দেখে এবং 250টি পরিবারের কাছে TV সেট নেই। জায়গাটিতে মোট পরিবারের সমষ্টি কত?
(a) 850 (b) 900 (c) 700 (d) 1100

83. $\frac{2}{3}$-এর সঙ্গে $\frac{5}{4}$-এর অনুপাত কত?
(a) $\frac{1}{4}$ (b) $\frac{10}{12}$ (c) $\frac{8}{15}$ (d) $\frac{20}{6}$

84. $4\frac{1}{2} \times 2\frac{1}{2}$ মিটার মাপের একখণ্ড বস্তু থেকে যদি $1 \times 1$ মিটার মাপের টুকরো কেটে নেওয়া যায় তবে এমন মাপের মোট কতগুলি টুকরো হবে?
(a) 7 (b) 8 (c) 9 (d) 10

85. তিন ব্যক্তির বয়সের যোগফল 73 বছর, 10 বছর পর তাদের বয়সের যোগফল কত হবে?
(a) 103 বছর (b) 83 বছর (c) 98 বছর (d) 88 বছর

86. একটি নির্বাচনে মোট 5 লক্ষ ভোটের মধ্যে 8000 ভোট বাতিল হল। বাকি বৈধ ভোটের 60% ওই দলের পক্ষে গেল। তা হলে ওই দলের প্রাপ্ত মোট ভোটসংখ্যা কত?
(a) 4.920 লক্ষ (b) 4.650 লক্ষ (c) 3.680 লক্ষ (d) 2.952 লক্ষ

87. একটি এলাকায় 25% পরিবারের ফোন আছে এবং 10% পরিবারের টিভি সেট আছে। 15% পরিবারের ফোন ও টিভি সেট দুই-ই আছে। যদি জানা থাকে যে ফোন ও টিভি সেট-এর কোনওটিই নেই এমন পরিবারের সংখ্যা 1200, তবে ওই এলাকার মোট পরিবারের সংখ্যা কত?
(a) 1500 (b) 1800 (c) 2400 (d) 3000

88. আমার কাছে দু'টি 5 পয়সার, তিনটি 10 পয়সার ও পাঁচটি 25 পয়সার ডাকটিকিট আছে। 1 টাকা 45 পয়সা মাশুল দিতে গেলে ন্যূনতম ক'টি ডাকটিকিট লাগাতে হবে?
(a) 6 (b) 7 (c) 8 (d) 9

89. আমার জন্মের সময় পিতার বয়স ছিল 33 বছর। আমি 28 বছর বয়সে বিয়ে করি। তারপর 15 বছর পেরিয়ে গেছে। এখন আমার পিতার বয়স কত?
(a) 48 বছর (b) 61 বছর (c) 69 বছর (d) 76 বছর

90. 9 টাকা খরচ করার পর মধু তার ভাইয়ের কাছ থেকে 6 টাকা পেল। এখন তার কাছে 9 টাকা আছে। খরচ করার আগে তার কাছে কত টাকা ছিল?
(a) 10 টাকা (b) 12 টাকা (c) 14 টাকা (d) 16 টাকা

91. 6টি কমলালেবুর মূল্য 4টি আপেলের মূল্যের সমান; 5টি আপেলের মূল্য 2টি আমের মূল্যের সমান এবং 8টি আমের মূল্য 5টি আনারসের মূল্যের সমান। একটি আনারসের মূল্য 12 টাকা হলে, একটি কমলালেবুর মূল্য:
(a) 2 টাকা (b) 3 টাকা (c) 2.50 টাকা (d) 7.50 টাকা

92. খাঁটি গ্লিসারিনে 25% জল মিশ্রিত করে 50 লিটার মিশ্রণ তৈরি করা হয়। ওই মিশ্রণে আরও কত লিটার গ্লিসারিন মিশ্রিত করলে জলের পরিমাণ মোট মিশ্রণের 5% হবে?
(a) 130 (b) 140 (c) 150 (d) 160

93. 10 টাকা লিটার দরে 12 লিটার দুধে কত লিটার জল মিশ্রিত করলে, 8 টাকা লিটার দরে বিক্রি করা যাবে?
(a) 3 লিটার (b) 5 লিটার (c) 4 লিটার (d) 3.5 লিটার

94. দু'প্রকার মিশ্রণে স্পিরিট ও জলের অনুপাত 5 : 2 এবং 4 : 1 প্রথমপ্রকার 1 লিটার তরলের সঙ্গে দ্বিতীয়প্রকার 2 লিটার তরল মিশ্রিত করলে, তৃতীয় তরলে স্পিরিট ও জলের অনুপাত হবে:
(a) 27 : 8 (b) 25 : 6 (c) 24 : 5 (d) 20 : 3

95. 2টি পেন ও 3টি পেনসিলের দাম 64.50 টাকা এবং 3টি পেন ও 2টি পেনসিলের দাম 93 টাকা হলে, 1টি পেন ও 4টি পেনসিলের দাম কত?
(a) 32 টাকা (b) 34 টাকা (c) 36 টাকা (d) 38 টাকা

96. এক ব্যক্তি তার সঞ্চয়ের 35% দুই পুত্রের প্রত্যেককে দেয় এবং অবশিষ্ট অংশ স্ত্রীকে দেয়। যদি স্ত্রী 4332 টাকা পায়, তাহলে তার সঞ্চয়ের পরিমাণ হয়:
(a) 16550 টাকা (b) 14440 টাকা (c) 15440 টাকা (d) 15550 টাকা

97. একটি জলনিকাশী নল একটি চৌবাচ্চাকে 1 ঘণ্টায় খালি করে। একটি ফাটল থাকায় চৌবাচ্চাটি খালি হয় 45 মিনিটে। যখন জলের কল বন্ধ করা হয় তখন ভরতি চৌবাচ্চা খালি হয় (ফাটলের সাহায্যে):
(a) 2 ঘণ্টায় (b) 2 ঘণ্টা 30 মিনিটে (c) 3 ঘণ্টায় (d) 3 ঘণ্টা 15 মিনিটে

98. A-এর বেতন B-এর থেকে 50% বেশি। B-এর বেতন A-এর থেকে যত কম হবে তার শতকরা হিসাব:
(a) 50% (b) $33\frac{1}{3}$% (c) $33\frac{1}{4}$% (d) $44\frac{1}{2}$%

99. 125টি ফল 36 জন বালক-বালিকার মধ্যে এমনভাবে ভাগ করা হল যাতে প্রত্যেক বালক পায় 3টি ও প্রত্যেক বালিকা পায় 4টি ফল। বালিকার সংখ্যা হল:
(a) 14 (b) 15 (c) 17 (d) 18

100. A ও B ব্যাঙ্ক থেকে বার্ষিক 10% হারে টাকা ধার নেয়। A সুদসহ মূলধন শোধ করে 5 বছরে এবং B শোধ করে 3 বছরে। A ও B উভয়েই যদি একই টাকা দেয় তাদের ধার করা টাকার অনুপাত হয়:
(a) 8 : 25 (b) 13 : 15 (c) 8 : 13 (d) 12 : 13

### উত্তর

1(c), 2(c), 3(c), 4(a), 5(a), 6(b), 7(c), 8(a), 9(a), 10(b), 11(a), 12(b), 13(b), 14(d), 15(d), 16(b), 17(d), 18(a), 19(a), 20(d), 21(d), 22(b), 23(a), 24(d), 25(c), 26(b), 27(c), 28(b), 29(d), 30(b), 31(d), 32(a), 33(a), 34(a), 35(b), 36(b), 37(b), 38(a), 39(a), 40(b), 41(a), 42(c), 43(d), 44(a), 45(d), 46(d), 47(c), 48(a), 49(d), 50(c), 51(b), 52(b), 53(c), 54(a), 55(a), 56(a), 57(a), 58(a), 59(a), 60(a), 61(b), 62(c), 63(b), 64(c), 65(c), 66(b), 67(a), 68(a), 69(c), 70(b), 71(b), 72(d), 73(c), 74(a), 75(b), 76(a), 77(c), 78(b), 79(b), 80(c), 81(b), 82(c), 83(c), 84(b), 85(a), 86(d), 87(c), 88(b), 89(d), 90(b), 91(a), 92(c), 93(a), 94(a), 95(c), 96(b), 97(c), 98(b), 99(c), 100(b).

### সমাধান

77(c): সূত্রানুসারে, $\left\{25-25+\frac{25\times(-25)}{100}\right\}\%$ [সূত্র: $\left(x+y+\frac{xy}{100}\right)\%$ যেখানে x = আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য, y = আয়তক্ষেত্রটির প্রস্থ]

$= -\frac{25\times25}{100}\% = -\frac{625}{100}\% = -6.25\%$

অর্থাৎ জমিটির ক্ষেত্রফল 6.25% কমবে যেহেতু চিহ্ন ঋণাত্মক।

78(b): $\left(1-\frac{1}{2}\right)\left(1-\frac{1}{3}\right)\left(1-\frac{1}{4}\right)\ldots\left(1-\frac{1}{m}\right)$

$= \frac{1}{2}\cdot\frac{2}{3}\cdot\frac{3}{4}\cdot\frac{4}{5}\ldots\frac{m-1}{m} = \frac{1}{m}.$

79(b): ধরি, রাজার বয়স x বছর, ঋকের বয়স = (x + 7) বছর
রাতুলের বয়স = (x − 6) বছর

প্রশ্নানুসারে, $x\times\frac{2}{3}+(x+7)\frac{3}{5}+(x-6)\times\frac{3}{4}=36$

বা, $\frac{40x+36x+252+45x-270}{60}=36$

বা, $121x-18=36\times60$ বা, $121x=2160+18$ বা, $121x=2178$

বা, $x=\frac{2178}{121}=18$ ∴ রাজার বয়স 18 বছর।

80(c): $0.1\div0.01=\frac{1}{10}\div\frac{1}{100}=\frac{1}{10}\times\frac{100}{1}=10.$

81(b): ধরি, সংখ্যাটি হল x

প্রশ্নানুসারে, $x = x\times\frac{40}{100}+24$

বা, $x=\frac{4x}{10}+24$ বা, $10x=4x+240$ বা, $6x=240$ বা, $x=40.$

82(c): শুধুমাত্র দূরদর্শন দেখে এমন পরিবার = 350 − 200 = 150টি
শুধুমাত্র Star TV দেখে এমন পরিবার = 300 − 200 = 100টি
∴ মোট পরিবার = 150 + 100 + 200 + 250 = 700.

83(c): $\frac{2}{3}:\frac{5}{4}=\frac{2}{3}\times\frac{4}{5}=\frac{8}{15}$

84(b): দৈর্ঘ্য বরাবর 4 মিটার এবং প্রস্থ বরাবর 2 মিটার, একটা বর্গক্ষেত্র সৃষ্টি করা যাবে। এরূপ 2টি সারি পাওয়া যাবে, যার ফলে টুকরোর সংখ্যা হবে = (4 × 2) = 8টি।

85(a): 73 + 3 × 10 = 73 + 30 = 103 বছর।

86(d): মোট ভোট = 500000
বৈধ ভোট = 500000 − 8000 = 492000

∴ দলের প্রাপ্ত ভোট $= 492000\times\frac{60}{100} = 295200 = 2.952$ লক্ষ।

87(c): ফোন ও টিভি সেট-এর দু'টিই নেই এমন পরিবার = {100 − (25 + 10 + 15)}% = (100 − 50)% = 50%

∴ মোট পরিবারের সংখ্যা $=\left(\frac{100}{50}\right)\times1200=2400.$

88(b): 1 টাকা 45 পয়সা = 145 পয়সা = (5 × 25) + (2 × 10) পয়সা
∴ পাঁচটি 25 পয়সা এবং দু'টি 10 পয়সার ডাকটিকিট
অর্থাৎ মোট 7টি ডাকটিকিট লাগাতে হবে।

89(d): আমার পিতার বয়স = 33 + 28 + 15 = 76 বছর।

*এরপর চোদ্দোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে
# মিসলেনিয়াস প্রিলিমিনারি
## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*তেরোর পাতার পর*

90(b): ধরি, মধুর কাছে প্রথমে x টাকা ছিল
প্রশ্নানুসারে, $x-9+6=9$ বা, $x=9+9-6$ বা, $x=12$.

91(a): কমলালেবু ও আনারসের মূল্যের অনুপাত $=\frac{4}{6}\times\frac{2}{5}\times\frac{5}{8}=1:6$
∴ প্রতিটি কমলালেবুর দাম $(12\div6)=2$ টাকা।

92(c): 50 লিটার মিশ্রণে জল $\left(50\times\frac{25}{125}\right)=10$ লিটার ও গ্লিসারিন 40 লিটার
ধরি, মিশ্রণে x লিটার গ্লিসারিন ঢালা হল
তাহলে, $\frac{40+x}{10}=\frac{(100-5)}{125}$ বা, $40+x=190$ ∴ $x=150$ লিটার।

93(a): মিশ্রণে দুধ : জলের অনুপাত $=8:(10-8)=9:1$
∴ দুধে জল ঢালতে হবে $=12\times\frac{1}{4}=3$ লিটার।

94(a): তৃতীয় পাত্রের স্পিরিট ও জলের অনুপাত $\left(\frac{5}{7}+\frac{4}{5}\times2\right):\left(\frac{2}{7}+\frac{1}{5}\times2\right)$
$=\left(\frac{25+56}{35}\right):\left(\frac{10+14}{35}\right)=27:8$.

95(c): $2x+3y=64.50$ এবং $3x+2y=93$
সমাধান করে $x=30$ টাকা $y=1.50$ টাকা, $x+4y=30+(4\times1.50)=36$ টাকা।

96(b): দুই পুত্রের প্রত্যেকে 35% করে মোট পায় ব্যক্তিটির সঞ্চয়ের 70% টাকা
অবশিষ্টাংশ $=(100-70)\%=30\%=4332$ টাকা সে তাঁর স্ত্রীকে দেয়
∴ তাঁর সঞ্চয় হল $=\left(\frac{4332}{30}\times110\right)$ টাকা $=14440$ টাকা।

97(c): নল দ্বারা চৌবাচ্চাটি 1 মিনিটে খালি হয় $\frac{1}{60}$ অংশ
নল ও ফাটল একত্রে চৌবাচ্চাটি 1 মিনিটে খালি হয় $\frac{1}{45}$ অংশ
শুধুমাত্র ফাটল দ্বারা 1 মিনিটে খালি হয় $=\frac{1}{45}-\frac{1}{60}$ অংশ $=\frac{1}{180}$ অংশ
∴ শুধুমাত্র ফাটল দ্বারা 1 অংশ খালি হয় 180 মিনিট বা 3 ঘণ্টায়।

98(b): ধরি, B-এর বেতন 100 টাকা
তাহলে A-এর বেতন 150 টাকা
∴ B-এর বেতন A-এর থেকে 50 টাকা কম
∴ B-এর বেতন A-এর থেকে যত কম তার শতকরা হিসাব $=\frac{50}{150}\times100$
$=33\frac{1}{3}$.

99(c): ধরি, বালকসংখ্যা = x, বালিকা সংখ্যা = y, $x+y=36$ ... (i)
প্রতিটি বালক 3টি ও প্রতিটি বালিকা 4টি করে ফল পায়
∴ $3x+4y=125$ ... (ii) $\times1$
(i) নম্বর সমীকরণকে 3 দ্বারা ও (ii) নম্বর সমীকরণকে 1 দ্বারা গুণ করে পরস্পর বিয়োগ করে পাই,

$3x+3y=108$
$3x+4y=125$
$y=17$ ∴ বালিকার সংখ্যা = 17.

100(b): ধরি, A ও B ব্যাঙ্ক থেকে যথাক্রমে x ও y টাকা ধার নেয়
A-এর 5 বছরে যে টাকা শোধ করতে হবে তা হল $x+\frac{x\times10\times5}{110}$
এবং B-এর 5 বছরে যে টাকা শোধ করতে হবে তা হল $y+\frac{y\times10\times3}{100}$
সূত্রানুযায়ী, $=\frac{x+\frac{5x}{10}}{y+\frac{3y}{10}}=\frac{1}{1}$ ∴ $\frac{15x}{13y}=\frac{1}{1}$ বা, $\frac{x}{y}=\frac{13}{15}$
∴ তাদের ধার করা টাকার অনুপাত হল $=13:15$.

*প্রস্তুত করেছেন: ধীমান ঘোষ*

## পি এস সি-র মাধ্যমে
# মিসলেনিয়াস প্রিলিমিনারি
## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

88. A ও B-এর আয়ের অনুপাত 3 : 2 এবং তাদের ব্যয়ের অনুপাত 5 : 3। যদি তারা প্রত্যেকে 1000 টাকা করে জমায় তাহলে B-এর আয় হল:
(a) 3000 টাকা (b) 4000 টাকা (c) 6000 টাকা (d) 800 টাকা

89. কোন ক্ষুদ্রতম সংখ্যার সঙ্গে 1500 যোগ করলে সংখ্যাটি একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 12 (b) 15 (c) 21 (d) 25

90. $17^{200}$-কে 18 দ্বারা ভাগ করলে ভাগশেষ থাকে:
(a) 16 (b) 17 (c) 5 (d) 1

91. 3টি গাড়ির বেগের অনুপাত 2 : 3 : 4। গাড়িগুলি সমদূরত্ব অতিক্রম করতে যে সময় নেবে তার অনুপাত:
(a) 2 : 3 : 4 (b) 4 : 3 : 6 (c) 3 : 4 : 6 (d) 6 : 4 : 3

92. কিছু টাকা ব্যাঙ্কে সরল সুদে রেখে 4 বছরে সুদে আসলে 1240 টাকা হল এবং 10 বছরে সুদে আসলে 1600 টাকা। আসল নির্ণয় করুন:
(a) 1000 টাকা (b) 800 টাকা (c) 1950 টাকা (d) 1100 টাকা

93. যদি 3টি আমকে 4টির ক্রয়মূল্যে বিক্রয় করা হয় তবে লাভ হয়:
(a) $66\frac{1}{3}$ % (b) $33\frac{1}{4}$ % (c) $33\frac{1}{3}$ % (d) $40\frac{1}{2}$ %

94. $(232)^{33}$ সংখ্যাটির একক স্থানের সংখ্যাটি হবে:
(a) 6 (b) 4 (c) 2 (d) 8

95. অনুপের বেতন বরুণের থেকে 30% বেশি, বরুণের বেতন অনুপের থেকে শতকরা কত কম?
(a) 26.12 (b) 21.23 (c) 23.07 (d) 27.03

96. 5 ঘণ্টা অন্তর মুম্বই-এর বিমান ছাড়ে। তথ্যকেন্দ্রে জানতে পারলাম 25 মিনিট আগে বিমানটি চলে গেছে। এখন সময় 10.45 am। তবে পরবর্তী বিমানটি কখন ছাড়বে?
(a) 2.20 am (b) 3.30 am (c) 3.55 pm (d) 3.20 pm

97. 42 সেমি ব্যাসার্ধের একটি গোলাকার তারকে একটি আয়তক্ষেত্রে পরিণত করা হল, যার বাহুর অনুপাত 6 : 5। আয়তক্ষেত্রটির ছোট বাহুর দৈর্ঘ্য (সেমি) কত?
(a) 120 (b) 144 (c) 177 (d) 60

98. একটি সমকোণী ত্রিভুজের B কোণ সমকোণ। AB ও BC বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 24 ও 7 মিমি হলে, AC বাহুর দৈর্ঘ্য কত?
(a) 31 (b) 21 (c) 35 (d) 25

99. এক ব্যক্তি তার সঞ্চয়ের 35% দুই পুত্রের প্রত্যেককে দেয় এবং অবশিষ্ট অংশ স্ত্রীকে দেয়। যদি স্ত্রী 4332 টাকা পায়, তাহলে তার সঞ্চয়ের পরিমাণ হয়:
(a) 16550 টাকা (b) 14440 টাকা (c) 15440 টাকা (d) 15550 টাকা

100. একটি জলনিকাশী নল একটি চৌবাচ্চাকে 1 ঘণ্টায় খালি করে। একটি ফাটল থাকায় চৌবাচ্চাটি খালি হয় 45 মিনিটে। যখন জলের কল বন্ধ করা হয় তখন ভর্তি চৌবাচ্চা খালি হয় (ফাটলের সাহায্যে):
(a) 2 ঘণ্টায় (b) 2 ঘণ্টা 30 মিনিটে (c) 3 ঘণ্টায় (d) 3 ঘণ্টা 15 মিনিটে

### উত্তর

88(b), 89(c), 90(d), 91(d), 92(a), 93(c), 94(c), 95(c), 96(d), 97(d), 98(d), 99(d), 100(c).

### সমাধান

75(a): ধরি, দ্রব্যটির ক্রয়মূল্য 100 টাকা

| ক্রয়মূল্য | বিক্রয়মূল্য |
|---|---|
| 100 | 100 − 10 = 90 |
| 250 | ? |

∴ নির্ণেয় বিক্রয়মূল্য $=\frac{250}{100}\times90=225$ টাকা।

76(b): 60000 টাকার 35% $=60000\times\frac{35}{100}=21000$ টাকা
∴ ব্যক্তিটি পাবেন $=60000-21000=39000$ টাকা।

77(c): ওজনে ত্রুটির পরিমাণ $=(80-72)=8$ kg
∴ ত্রুটির হার $=\frac{8}{80}\times100\%=10\%$.

78(d): A-এর 40% = B-এর 60%
বা, $A\times\frac{40}{100}=B\times\frac{60}{100}$ বা, $\frac{A}{B}=\frac{60}{100}\times\frac{100}{40}=\frac{3}{2}$.

79(c): ধরি, বাসভাড়া = 4x একক
ট্রেন ভাড়া = 5x একক
10% বৃদ্ধিতে বাসের ভাড়া $=\left(4x\times\frac{10}{100}\right)+4x=\frac{4x}{10}+4x=\frac{44x}{10}$
20% বৃদ্ধিতে ট্রেনের ভাড়া $=\left(5x+\frac{20}{100}\right)+5x=x+5x=6x$
∴ বাস ট্রেন ভাড়ার নতুন অনুপাত $=\frac{44x}{10}:6x=44:60=11:15$.

80(a): শুধু অঙ্কে ফেল করেছে $=35-10=25\%$
শুধু ইংরেজিতে ফেল করেছে $=15-10=5\%$
∴ পাশের হার $=100-(25+5+10)=100-40=60\%$.

81(b):

| সময় (সেকেন্ডে) | দূরত্ব (মিটার) |
|---|---|
| 15 − 5 10 | 120 |
| 5 | ? |

∴ ট্রেনের দৈর্ঘ্য $=\frac{5}{10}\times120=60$ মিটার।

82(c): ধরি, ব্যাঙ্কে বার্ষিক সুদের হার x%
∴ পোস্ট অফিসে বার্ষিক সুদের হার $=\left(x-\frac{1}{2}\right)\%$
∴ $3000\times\frac{x}{100}+2500\ \frac{(x-\frac{1}{2})}{100}=235$
বা, $3000x+2500x-1250=23500$
বা, $5500x=23500+1250$ বা, $x=\frac{24750}{5500}=4.5$
∴ পোস্ট অফিসে সুদের হার $4.5-\frac{1}{2}=4\%$.

83(b): ধরি, দু'বছর আগে লোকসংখ্যা ছিল x
প্রথম বছরে 4% বৃদ্ধিতে লোকসংখ্যা $=x+\left(x\times\frac{4}{100}\right)=x+\frac{4x}{100}$
$=\frac{100x+4x}{100}=\frac{104x}{100}$
তৃতীয় বছরে 5% হ্রাসে লোকসংখ্যা $=\frac{104x}{100}-\left(\frac{104x}{100}\times\frac{5}{100}\right)$
$=\frac{104x}{100}-\frac{520x}{10000}=\frac{10400x-520x}{10000}=\frac{9880x}{10000}$
প্রশ্নানুসারে, $\frac{9880x}{10000}=494000$ বা, $x=\frac{494000}{9880}\times10000=500000$.

84(a): নীল : সবুজ = 5 : 4
বা, $\frac{\text{নীল}}{\text{সবুজ}}=\frac{5}{4}$ বা, সবুজ $=\frac{4}{5}\times60=48$ গ্রাম।

85(b): পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা 99999

```
       99999 | 316
       9     |
  61  | 99
      | 61
  626 | 3899
      | 3756
        143
```

∴ পাঁচ অঙ্কের বৃহত্তম পূর্ণবর্গ সংখ্যা $=99999-143=99856$.

86(b): $r_1=5$, $r_2=4$ [$r_1$, $r_2$ = ব্যাসার্ধ]
ক্ষেত্রফলের অনুপাত $\pi r_1^2:\pi r_2^2$
বা, $r_1^2:r_2^2$ বা, $5^2:4^2$ বা, 25 : 16.

87(c): প্রথমক্ষেত্রে ক্রয়মূল্য $=\frac{100\times30}{125}=24$ টাকা
দ্বিতীয়ক্ষেত্রে বিক্রয়মূল্য $=\frac{33.60\times100}{24}=140$ টাকা
লাভ $=(140-100)\%=40\%$.

88(b): A ও B-এর আয় যথাক্রমে 3x ও 2x এবং ব্যয় যথাক্রমে 5y ও 3y
$3x-5y=1000$ ... (1) $\times3$
$2x-3y=1000$ ... (2) $\times5$
1 নম্বর সমীকরণকে 3 দ্বারা ও 2 নম্বর সমীকরণকে 5 দ্বারা গুণ করে সমীকরণ 2টি বিয়োগ করে পাই—

$9x-15y=3000$
$10x-15y=5000$
$x=2000$

∴ B-এর আয় $=2000\times2=4000$ টাকা।

89(c):

```
      1500 | 38
      9    |
  68 | 600
     | 544
       56
```

∴ $1500=38^2+56$, $(38+1)^2=1521$
∴ $1521-1500=21$, যোগ করলে সংখ্যাটি একটি পূর্ণবর্গ সংখ্যা হবে।

90(d): $17^{200}=17^{200}-1+1=(17^{200}-1^{200})+1$
$=17^{200}-1^{200}$, 18 দিয়ে বিভাজ্য
∴ $17^{200}$-কে 18 দিয়ে ভাগ করলে 1 ভাগশেষ থাকে।

91(d): গতিবেগের অনুপাত 2 : 3 : 4
∴ সময়ের অনুপাত $=\frac{1}{2}:\frac{1}{3}:\frac{1}{4}$
2, 3, 4-এর ল.সা.গু. = 12 ∴ $\frac{12}{2}:\frac{12}{3}:\frac{12}{4}=6:4:3$.

92(a): ধরি, আসল = p টাকা এবং বার্ষিক সুদ = e
$p+10e=1600$ ... (i)
$p+4e=1240$ ... (ii)
(i) নম্বর সমীকরণকে 2 দ্বারা এবং (ii) নম্বর সমীকরণকে 5 দ্বারা গুণ করে সমীকরণ দু'টি বিয়োগ করে পাই—
$(2p+20e)-(5p+20e)=3200-6200$
বা, $3p=3000$ ∴ $p=1000$.

93(c): 4টি আমের ক্রয়মূল্য 1 টাকা
1টি আমের ক্রয়মূল্য $\frac{1}{4}$ টাকা, 3টি আমের বিক্রয়মূল্য 1 টাকা।
1টি আমের বিক্রয়মূল্য $\frac{1}{3}$ টাকা
লাভ $=\left(\frac{1/3-1/4}{1/4}\times100\right)\%=\left(\frac{1/12}{1/4}\times100\right)\%$
$=\left(\frac{1}{12}\times\frac{4}{1}\times100\right)\%=\frac{100}{3}\%=33\frac{1}{3}\%$.

94(c): $(2)^{33}=2.2^{32}=2.(2^4)^8=2\times(16)^8$
∴ $2\times16=32$, একক স্থানের সংখ্যাটি হল 2.

95(c):

| অনুপ | বরুণ |
|---|---|
| 130 | 100 |
| 100 | ? |

বরুণের বেতন $=\frac{100\times100}{130}=\frac{1000}{13}$
বরুণের বেতন অনুপের থেকে কম $\left(100-\frac{1000}{13}\right)\%=\left(\frac{1300-1000}{13}\right)\%$
$=\frac{300}{13}\%=23.07\%$.

96(d): পূর্বের বিমান ছাড়ার সময়, = (10.45 am − 25 min) = 10.20 am
∴ পরবর্তী বিমান ছাড়বে, = (10.20 am + 5hr) = 3.20 pm.

97(d): গোলাকার তারের পরিসীমা $=2\times\frac{22}{7}\times42=264$ সেমি
আয়তক্ষেত্রের বাহু দু'টির দৈর্ঘ্য যথাক্রমে 6a ও 5a সেমি হলে,
$2(6a+5a)=264$ বা, $a=12$ সেমি
∴ আয়তক্ষেত্রের ছোট বাহুর দৈর্ঘ্য $12\times5=60$ সেমি।

98(d): $AC=\sqrt{24^2+7^2}=25$ মিমি।

99(d): দুই পুত্রের প্রত্যেকে 35% করে মোট পায় ব্যক্তিটির সঞ্চয়ের 70% টাকা
অবশিষ্টাংশ $=(100-70)\%=30\%=4332$ টাকা সে তাঁর স্ত্রীকে দেয়

*প্রস্তুত করেছেন: ধীমান ঘোষ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# হিন্দুস্তান কপারে ট্রেনি

*প্রথম পাতার পর*

ক্ষেত্রে নিম্নলিখিত যে-কোনও একটি ট্রেডে আই টি আই সার্টিফিকেট। ট্রেডগুলি হল: ফিটার, ওয়েল্ডার, মেশিনিস্ট, টার্নার, মোটর মেকানিক, প্লাম্বার, ব্ল্যাকস্মিথ, ডিজেল মেকানিক, ইলেক্ট্রিশিয়ান, ওয়্যারম্যান। অথবা মাধ্যমিক পাশ। সেই সঙ্গে মেকানিক্যাল মেইন্টেন্যান্স বা ইলেক্ট্রিক্যাল মেইন্টেন্যান্সের কাজে ৩ বছরের অভিজ্ঞতা। সরকারি ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বাকি ট্রেডগুলির ক্ষেত্রে মাধ্যমিক পাশ-সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সরকারি ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি: মেকানিক্যাল:** ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রিক্যাল:** ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **সিভিল:** ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)। **ফ্ল্যাশ স্মেল্টার:** ৩টি (তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **সালফিউরিক অ্যাসিড প্ল্যান্ট/রিফাইনারি/আর অ্যান্ড ডি:** ৩টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, সিভিল ও স্মেল্টার শাখার ক্ষেত্রে মেকানিক্যাল বা অটো মোবাইল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল (ইনস্ট্রুমেন্টেশন) বা সিভিল ইঞ্জিনিয়ারিং বা মেটালার্জিতে ডিপ্লোমা। অথবা ফিজিক্স বা কেমিস্ট্রি বা ম্যাথমেটিক্সে বি এসসি ডিগ্রি। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা। সরকারি ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বাকি ট্রেডগুলির ক্ষেত্রে কেমিস্ট্রিতে বি এসসি। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সরকারি ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**ক্লারিক্যাল ক্যাটেগরি: মেটিরিয়ালস অ্যান্ড কন্ট্র্যাক্ট/এইচ আর অ্যান্ড এ:** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক ডিগ্রি-সহ মেটিরিয়ালস অ্যান্ড কন্ট্র্যাক্ট বা এইচ আর অ্যান্ড এ বিভাগে ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**প্যারামেডিক্যাল ক্যাটেগরি: ল্যাবরেটরি টেকনিশিয়ান:** ১টি (তফসিলি উপজাতি)। **শিক্ষাগত যোগ্যতা:** ল্যাবরেটরি টেকনিশিয়ানে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে।

**বয়স:** ১-১১-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে অ্যাটেন্ড্যান্ট-কাম-জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি পদের ক্ষেত্রে প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে ১২,৮০০ টাকা ও ১৪,৪০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগের পরে বেতনক্রম ১৫,৯২০-২৯,০৫০ টাকা। অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি, ক্লারিক্যাল ক্যাটেগরি ট্রেনি এবং প্যারামেডিক্যাল ক্যাটেগরি ট্রেনি পদের ক্ষেত্রে স্টাইপেন্ড প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে ১৪,০০০ ও ১৫,৭০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগের পরে বেতনক্রম ১৭,৩৮০-৩১,৮১০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় থাকবে জেনারেল নলেজ বা কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল সায়েন্স, কম্পিউটার নলেজ (এম এস অফিস/এম এস এক্সেল), ম্যাথমেটিক্স বিষয়ে প্রশ্ন। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.hindustancopper.com পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓৩ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার উপর সই করে দেবেন। অপর ২ কপি ফটো দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ✓ফি জমা দেওয়ার রসিদ। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি ও আর্থিকভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। এন ই এফ টি পদ্ধতিতে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় এই অ্যাকাউন্ট নম্বরে: 11524102778 {ACCOUNT NAME: HINDUSTAN COPPER LIMITED, INDIAN COPPER COMPLEX, BRANCH CODE: MOUBHANDAR (01484), IFSC: SBIN0001484, MICR CODE: 832002501} ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। (প্রযোজ্য ক্ষেত্রে)।

দরখাস্ত ভরা খামের ওপর যে-পদের জন্য দরখাস্ত করছেন, তার নাম লিখে দেবেন। ১৬ ডিসেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Assistant General Manager (A&L), Hindustan Copper Limited (A Govt. of India Enterprise), Indian Copper Complex, PO: Moubhandar-832 103, Dist: East Singhbhum (Jharkhand). খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ৩৭২ নার্সিং অফিসার

৩৭২ জন নার্সিং অফিসার (স্টাফ নার্স গ্রেড-টু) নেবে হৃষীকেশের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। প্রথমে ২ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2019/256/09/11/2019.

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ১৫০, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৫১, ও বি সি ১১৯, আর্থিকভাবে অনগ্রসর ৩৬)। এর মধ্যে নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি এসসি (অনার্স) নার্সিং বা বি এসসি নার্সিং অথবা বি এসসি (পোস্ট সার্টিফিকেট) বা পোস্ট বেসিক বি এসসি নার্সিং। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। উভয় ক্ষেত্রেই রাজ্য বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্সেস অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা। **বয়স:** ২৪-১২-২০১৯ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা বা স্কিল টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsrishikesh.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ ডিসেম্বর পর্যন্ত। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। কোনও সমস্যার সম্মুখীন হলে মেল করতে পারেন এই আই ডি-তে: aiimsrishikeshhelpdesk@gmail.com ফোন: ০১৩৫-২৪৬২৯৫৩।

# সি আই এস এফে ৩০০ খেলোয়াড়

*প্রথম পাতার পর*

ক্যাটেগরিতে ১টি। মহিলাদের ক্ষেত্রে ৪৮ কেজি, ৭০ কেজি ও ৭৮ কেজি ক্যাটেগরিতে ১টি করে এবং ৫২ কেজি ও ৭৮ কেজির উপরের ক্যাটেগরিতে ২টি করে। **কবাডি:** পুরুষদের ক্ষেত্রে ৮টি। মহিলাদের ক্ষেত্রে ১২টি। **শ্যুটিং:** পুরুষদের ক্ষেত্রে রাইফেল ক্যাটেগরিতে ১৬টি এবং পিস্তল ক্যাটেগরিতে ৭টি। মহিলাদের ক্ষেত্রে রাইফেল ক্যাটেগরিতে ৩টি এবং পিস্তল ক্যাটেগরিতে ৬টি। **সুইমিং:** শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ১ মিটার (স্প্রিং বোর্ড ডাইভিং) ক্যাটেগরিতে ২টি, ৩ মিটার (স্প্রিং বোর্ড ডাইভিং) ক্যাটেগরিতে ২টি, ১০ মিটার (হাই বোর্ড ডাইভিং) ক্যাটেগরিতে ২টি, ৫০ মিটার, ১০০ মিটার ও ২০০ মিটার (ফ্রি স্টাইল) ক্যাটেগরিতে ২টি, ৫০ মিটার, ১০০ মিটার ও ২০০ মিটার (ব্যাক স্ট্রোক) ক্যাটেগরিতে ২টি, ৫০ মিটার, ১০০ মিটার ও ২০০ মিটার (বাটারফ্লাই) ক্যাটেগরিতে ২টি, ৪০০ মিটার, ৮০০ মিটার ও ১৫০০ মিটার (ফ্রি স্টাইল) ক্যাটেগরিতে ১টি, ২০০ মিটার, ৪০০ মিটার (ইন্ডিভিজুয়াল মেডলি) ক্যাটেগরিতে ১টি। **ভলিবল:** শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ৮টি। **ওয়েট লিফটিং:** পুরুষদের ক্ষেত্রে ৬১ কেজি, ৭৩ কেজি ও ৮৯ কেজি ক্যাটেগরিতে ১টি করে এবং ৫৫ কেজি, ৬৭ কেজি, ৮১ কেজি, ৯৬ কেজি, ১০২ কেজি, ১০৯ কেজি ও ১০৯ কেজির উপরের ক্যাটেগরিতে ২টি করে। মহিলাদের ক্ষেত্রে ৫৫ কেজি, ৫৯ কেজি, ৬৪ কেজি, ৭১ কেজি ও ৮৭ কেজি ক্যাটেগরিতে ১টি করে এবং ৪৫ কেজি, ৪৯ কেজি, ৭৬ কেজি, ৮১ কেজি ও ৮৭ কেজির উপরের ক্যাটেগরিতে ২টি করে। **রেসলিং:** শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ৫৭ কেজি (ফ্রি স্টাইল), ৯৭ কেজি (ফ্রি স্টাইল), ১২৫ কেজি (ফ্রি স্টাইল), ৫৫ কেজি (গ্রেকো রোমান), ৮৭ কেজি (গ্রেকো রোমান) এবং ১৩০ কেজি (গ্রেকো রোমান) ক্যাটেগরিতে ২টি করে, ৬১ কেজি (ফ্রি স্টাইল), ৭৪ কেজি (ফ্রি স্টাইল), ৭৯ কেজি (ফ্রি স্টাইল), ৮৬ কেজি (ফ্রি স্টাইল), ৯২ কেজি (ফ্রি স্টাইল), ৬০ কেজি (গ্রেকো রোমান), ৮০ কেজি (গ্রেকো রোমান) এবং ৯৭ কেজি (গ্রেকো রোমান) ক্যাটেগরিতে ১টি করে। **তায়কোন্ডো:** শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে ৫৪ কেজি, ৫৮ কেজি, ৬৩ কেজি, ৬৮ কেজি, ৭৪ কেজি, ৮০ কেজি, ৮৭ কেজি এবং ৮৭ কেজির উপরের ক্যাটেগরিতে ২টি করে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ। **খেলাধুলার যোগ্যতা:** ব্যক্তিগত ও দলগত উভয় ইভেন্টের ক্ষেত্রেই সিনিয়র বা জুনিয়র বিভাগে স্বীকৃত কোনও আন্তর্জাতিক প্রতিযোগিতায় দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে অথবা সিনিয়র বা জুনিয়র ন্যাশনাল গেমস বা ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে যে-কোনও পদক জিতে থাকতে হবে অথবা সিনিয়র বা জুনিয়র বিভাগে জাতীয় স্তরের কোনও প্রতিযোগিতায় রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে অথবা আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় যে-কোনও পদক জিতে থাকতে হবে অথবা জাতীয় স্তরের স্কুল প্রতিযোগিতায় স্বর্ণপদক জিতে থাকতে হবে। সব ক্ষেত্রেই সর্বশেষ আয়োজিত প্রতিযোগিতাই প্রার্থীর যোগ্যতার মাপকাঠি হিসেবে বিবেচনা করা হবে।

**দৈহিক মাপজোক:** পুরুষদের ক্ষেত্রে ১৬৭ সেমি (গোর্খা ও পার্বত্য এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৩ সেমি। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ ও ৮৬ সেমি। সবক্ষেত্রেই বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। **দৃষ্টিশক্তি:** কাছের ক্ষেত্রে ভালো চোখে এন৬, খারাপ চোখে এন৯। দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। চশমা থাকলে আবেদন করা যাবে না। বর্ণান্ধতা থাকলে চলবে না। প্রার্থীকে শারীরিকভাবে সক্ষম হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি, শিরাস্ফীতি থাকলে চলবে না।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে খেলাধুলার পরীক্ষা এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓চার কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। দু'টি ফটো দরখাস্ত ও অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার ওপর সই করবেন। বাকি দু'টি ফটো দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।

✓ফি বাবদ ১০০ টাকার ইন্ডিয়ান পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফট। মহিলা ও তফসিলি প্রার্থীদের কোনও ফি দিতে লাগবে না। ফি প্রদেয় হতে হবে নির্দিষ্ট ক্রীড়াক্ষেত্র অনুসারে। তালিকা পাবেন এই ওয়েবসাইটে: https://cisfrectt.in

✓বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতার যাবতীয় সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓পার্বত্য এলাকার প্রার্থী হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓যথাযথভাবে পূরণ করা অ্যাডমিট কার্ড (অ্যানেক্সচার 'টু')।

দরখাস্ত ভরা খামের ওপর যে-ক্রীড়াক্ষেত্রের শূন্যপদে দরখাস্ত করছেন, তার নাম লিখে দেবেন। ১৭ ডিসেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে ক্রীড়াক্ষেত্র অনুসারে নির্দিষ্ট ঠিকানায়। ক্রীড়াক্ষেত্র অনুসারে ঠিকানার তালিকা পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.cisf.gov.in

# কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর 15/2018 অনুসারে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা** পরিচালিত ফায়ার অপারেটর পদে নিয়োগের দৈহিক সক্ষমতা ও দৈহিক মাপজোকের পরীক্ষা শুরু হবে ১৯ নভেম্বর থেকে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ১৩ নভেম্বর থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: https://www.pscwbonline.gov.in

*দরখাস্তের বয়ান*

ANNEXURE-1

**FORM OF APPLICATION FOR RECRUITMENT OF MERITORIOUS SPORTSPERSON IN CISF**

**Roll No. _______ (To be filled by the application receiving authority)**

1. Post applied for : ____________
2. Name (in block letters) : ____________
3. Father's Name : ____________
4. Permanent Address : ____________ : ____________ : ____________

Affix your recent coloured passport size self-attested photograph

5. Present residential Address : ____________ : ____________ : ____________
6. Name of State to which originally belongs to : ____________
7. Gender (Male/Female) : ____________
8. Religion : ____________
9. Date of birth : ____________
10. Age as on closing date : _____ Years _____ Month _____ Days
11. Educational Qualification : ____________
12. Physical Standard : a) Height ... Cms b) Chest: ....Cms. ...Cms (Normal) (Expansion) : c) Weight ........ Kgs
13. Whether belongs to GEN/ EWS / SC / ST/ OBC : ____________
14. Whether belongs to Hillman / Woman : ____________
15. Name of the Games/ Events : ____________
16. Sports achievement with attested copies of certificates : 1. ____________ 2. ____________ 3. ____________
17. Postal order/ No. ________ dated ________ Amount ________ Demand Draft ____________ dated ________ Amount ________

**DECLARATION**

I ______________ do hereby declare that all statements made in this application are true, complete and correct to the best of my knowledge and belief. In the event of any information being found false or incorrect or inelligibility being detected before or after the test, my candidature will stand cancelled and my claim for the recruitment stand forfeited. I also understand that if any stage I am found by a selection board to have used unfair means in the test or to have violated any of the rules/regulations governing the conduct of selection process, my candidature can be cancelled or be declared to have failed by hte selection board at its sole discretion. If any mistake in my application is detected after my selection, my service is liable to be terminated.

**Place : ________** **Signature of candidate**

**Date : ________**

**DECLARATION TO BE SIGNED BY OBC CANDIDATE ONLY**

I, ______ Son / Daughter of Shri __________________ resident of village/town/city ____________ district __________ State __________ hereby declare that I belong to the ____________ community which is recognized as a backward class by the Govt. of India for the purpose of reservation in service as per orders contained the Department of Personnel and Training Office Memorandum No. 36012/22/93-SCT) dated8-9-1993. It is also declared that I do not belong to the persons/sections (creamy layer) mentioned in Column 3 of OM No. 36012 / 22 / 93-Estt. (SCT) dated 8-9-1993 and modified vide Government of India DOP&T OM No. 36033/3/2004-Estt. (Res.) dated 9.3.2004 and OM No. 36033/3/2004-Estt. (Res) dated 14-10-2008.

**Place:**

**Date:** **Signature of the candidate**

**TO BE FILLED BY OFFICE**

Serial No. _______ Name of scrutinizing officer _________ Observation / Remarks.

**Signature of scrutinizing officer with seal**

**ANNEXURE-2**

**ADMIT CARD**

*(To be printed / Typed / written in separate paper)*

*(Candidate will not be allowed to appear in the recruitment without production of this card)*

**TO BE FILLED BY THE CANDIDATE**

**Name of the post and Sports Event /discipline for which applied** **Head Constable (GD)/**

1. Name : ____________
2. Father's Name : ____________
3. Postal Address : ____________ ____________ ____________ ____________
4. Identification Mark : ____________
5. Date of Birth : ____________
6. Whether Gen/ EWS/SC/ST/OBC
7. Whether Hillman / Tribesman : ____________

Affix your recent coloured passport size self-attested photograph

Note: Bring original certificates in support of age, educational qualification, caste certificate in case of SC/ST/OBC/EWS, Hillman / Tribesman, Sports certificate and other testimonials.

Signature of the candidate

**TO BE FILLED BY THE APPLICATION RECEIVING AUTHORITY**

**Roll No.** ____________

1. Name of the post and Sports event / discipline for which application is accepted : ____________
2. Name of the recruitment centre with complete address : ____________ ____________ ____________ ____________
3. Date of recruitment : ____________
4. Reporting time at recruitment centre : ____________hrs

Signature of the application receiving authority

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# পশ্চিমবঙ্গ সরকারে ১৪৯৭ ডাক্তার

*প্রথম পাতার পর*

অথবা হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে মেডিক্যাল প্র্যাক্টিশনার হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

নেপালিভাষী ছাড়া অন্য সব প্রার্থীকেই বাংলা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে শুধু এম বি বি এস ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩৬ বছর এবং পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪০ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

পশ্চিমবঙ্গ সরকারের অধীনে চিকিৎসক হিসেবে চাকরি করেছেন, এরকম প্রার্থীরা বয়সে সর্বোচ্চ ৫ বছরের এবং পশ্চিমবঙ্গ সরকারের অধীনে চুক্তিতে চিকিৎসক হিসেবে কাজ করেছেন এরকম প্রার্থীরা বয়সে সর্বোচ্চ ৩ বছরের ছাড় পাবেন। উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন ও অভিজ্ঞ প্রার্থীরা বয়সে ২ বছরের ছাড় পেতে পারেন।

**বেতনক্রম:** ১৫,৬০০-৪২,০০০ টাকা (পে ব্যান্ড ৪-এ)। গ্রেড পে ৫,৪০০ টাকা। সামগ্রিক বেতন মাসে ৫২,৮০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে ১৫ থেকে ২২ নভেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/GDMO/BMOH/75(1)/1/2019.

ফি বাবদ অনলাইনে গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেমে অংশগ্রহণকারী কোনও ব্যাঙ্কে ২১০ টাকা জমা দিতে হবে এই গভর্নমেন্ট রিসিপ্ট হেড অব অ্যাকাউন্টে: '0051-00-104-002-16'. তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না।

ফি জমা দেওয়ার পরে ফি জমা-সংক্রান্ত তথ্য 'ফর্ম-টু'-এ আপলোড করতে হবে।

দরখাস্তের প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন উপরোক্ত ওয়েবসাইট।

# পূর্ব মেদিনীপুরে আশাকর্মী

*প্রথম পাতার পর*

বিজ্ঞপ্তি নম্বর: DH&FWS-2988.

**ব্লক অনুসারে শূন্যপদ:** নন্দীগ্রাম-১: ৫টি, চণ্ডীপুর: ৪টি, ভগবানপুর-২: ৪টি, খেজুরী-২: ৮টি, খেজুরী-১: ২টি, কাঁথি-১: ২টি, কাঁথি-৩: ৩টি, দেশপ্রাণ: ৮টি, রামনগর-১: ১১টি, রামনগর-২: ৩টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। উচ্চতর যোগ্যতার প্রার্থীরাও আবেদন করতে পারেন। তবে সেক্ষেত্রে মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই প্রার্থীর যোগ্যতা বিবেচিত হবে। **বয়স:** ১-১-২০১৯ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিদের ক্ষেত্রে ২২ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করা যাবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bankura.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর ২ কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে বার্থ সার্টিফিকেট বা মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের প্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার আইডি এবং রেশন কার্ডের প্রত্যয়িত নকল। ✓বিবাহিত মহিলাদের ক্ষেত্রে ম্যারেজ সার্টিফিকেট, বিবাহবিচ্ছিন্নাদের ক্ষেত্রে ডিভোর্স ডিক্রি এবং বিধবাদের ক্ষেত্রে স্বামীর ডেথ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ১১ ডিসেম্বরের মধ্যে সরাসরি জমা দিতে হবে সংশ্লিষ্ট ব্লক অফিসে রাখা ড্রপ বক্সে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নয়াদিল্লির দেশবন্ধু কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বিভিন্ন বিষয়ে ৯১ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে নয়াদিল্লির দেশবন্ধু কলেজ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: F.2/DBC/TS/ADV./01/2019.

**শূন্যপদের বিবরণ:** বায়োকেমিস্ট্রি: ৪টি, বটানি: ৮টি, কেমিস্ট্রি: ৩টি, কমার্স: ৩টি, ইকনমিক্স: ৬টি, এনভায়রনমেন্টাল সায়েন্স: ৩টি, হিন্দি: ৩টি, হিস্ট্রি: ৯টি, ম্যাথমেটিক্স: ১৫টি, ফিলজফি: ৩টি, ফিজিক্স: ১৬টি, পলিটিক্যাল সায়েন্স: ৮টি, সংস্কৃত: ৩টি, জুলজি: ৭টি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে নেট বা সি এস আই আর-নেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। **বেতন:** প্রতি মাসে ৫৭,৭০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://colrec.du.ac.in দরখাস্তের শেষ তারিখ ৩০ নভেম্বর।

এই নিয়োগ-সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://deshbandhucollege.ac.in

## কবে কোন পরীক্ষা

**পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড দ্বারা পরিচালিত এক্সাইজ কনস্টেবল পদে** নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষা ২৪ নভেম্বর। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.wbpolice.gov.in

# বেসিলে ৩৮৯৫

*প্রথম পাতার পর*

বাধ্যতামূলক। প্রার্থীর অবশ্যই হিন্দি লিখতে ও পড়তে এবং ইংরেজি পড়তে জানা চাই। **বয়স:** ১৮ থেকে ৫৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৭,৬১৩.৪২ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.beciljobs.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৮ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা স্বপ্রত্যয়িত শিক্ষাগত যোগ্যতার নথিপত্র, ২ কপি পাসপোর্ট মাপের ফটো, প্যান কার্ড, আধার কার্ড আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। এন ই এফ টি বা আর টি জি এস পদ্ধতিতে ফি 'BROADCAST ENGINEERING CONSULTANTS INDIA LIMITED (Bank Name: Corporation Bank, Account No. 510341000702746, IFSC: CORP0000371)'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.becil.com প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৮৯২৯১-০০৯৪৭/৯৪৮/৯৪৯/৯৫০, ৯৮৯৯৯-৫৫৮২৪/৫২৬১।


BIRLA EDUCATION TRUST, PILANI (RAJ.)

PRESTIGIOUS ENGLISH MEDIUM RESIDENTIAL SCHOOLS AT PILANI, RAJASTHAN

ADMISSIONS OPEN FOR SESSION 2020-21

Fully Residential Public School for Boys
BIRLA PUBLIC SCHOOL
(Vidya Niketan)
A QCI(NABET) ACCREDITED SCHOOL
Estd. 1944 CBSE Affln.No. 1730008
India's Top 6th Boarding Boys' School Ranking *
Class V to IX & XI
(M) 09667200764/09667200765/08875001864/09667200776/09667200785/09667200762
Pilani-Raj. 333031
Email- principal@bpspilani.edu.in
www.bpspilani.edu.in
Ranked 03rd in India on the parameter of 'New Technologies Usage'. Member of IPSC, NPSC and Round Square Conference. 75 YEARS IN IGNITING MINDS. British Council International School Awardee 2018-2021.

Fully Residential Public School for Girls
BIRLA BALIKA VIDYAPEETH
THE FINEST INHERITANCE WE GIVE A GIRL CHILD-WINGS TO FLY
GREEN SCHOOL AWARDEE
Estd. 1941, CBSE Affln.No. 1730010
India's Top 6th Boarding Girls' School Ranking *
Class V to IX & XI
Phone Nos.: 01596-242548
+91-9352575757/ +91- 08740085493 / +91- 09413723850
Vidya Vihar Campus, Pilani - 333031 (Raj.)
Email- principal@bbvpilani.edu.in
www.bbvpilani.edu.in
Recipient of 'Great Place to Study Certification' with 5 Star rating from Global League Institutions, at House of Commons, London. British Council International School Awardee 2018-2021. Member of IPSC & NPSC. 78 YEARS IN EXPLORING KNOWLEDGE AND A TRAIL OF OUTSTANDING CBSE BOARD RESULTS.

Fully Residential School for Boys
BIRLA SCHOOL PILANI
PROVIDING HOLISTIC EDUCATION COMBINING INDIAN TRADITION WITH MODERNITY & TECHNOLOGY TO PREPARE GLOBAL CITIZENS
Estd. 1901 CBSE Affln.No. 1730009
One Hundred & Nineteen Years Old Heritage Residnetial School for Boys
Class V to IX & XI
+91-9950675557 / +91-8094012101
+91-8094012102 - +91-8094012106
Pilani-Raj. 333031
Email- principal@birlaschoolpilani.edu.in
www.birlaschoolpilani.edu.in
British Council International School Awardee 2019-2022. Outstanding and Expeirenced Faculty, shaping the Life & Career of students.

Scholastic Assessment & Spot Registrations for Classes V to IX & XI will be held at 09:30 AM at Centers (venue will be intimated soon on school websites) on dates mentioned below:-

*Education World Ranking

| Test Centers | • Kathmandu • Biratnagar (Nepal) | • Agra • Delhi • Hyderabad • Jaipur • Jodhpur • Kolkata • Lucknow • Meerut • Patna • Ranchi • Satna • Siliguri • Sirsa • Varanasi • Yamuna Nagar • Pilani | • Bhopal • Delhi • Guwahati • Jaipur • Jamshedpur • Mumbai • Patna • Raipur • Surat • Itanagar |
|---|---|---|---|
| Date of Test | 07 Dec, 2019 (Saturday) | 08 Dec, 2019 (Sunday) | 12 Jan, 2020 (Sunday) |

For further details please visit the School websites or contact Telephone Numbers above


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad